দেশসেরা স্কুলের নির্বাচনি পরীক্ষার প্রশ্ন

# বাংলাদেশ ও বিশ্বপরিচয়

মডেল টেস্ট- ০১

## রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয় — বিষয় কোড : | 1 | 5 | 0 |

সময় : ৩০ মিনিট — **(বহুনির্বাচনি অভীক্ষা)** — পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. পাকিস্তানের মৌলিক গণতন্ত্রের প্রবর্তক কে?**
ⓚ আইয়ুব খান ⓚ ইস্কান্দার মীর্জা ⓖ ইয়াহিয়া খান ⓖ মোনায়েম খান

**২. ১১ দফার আন্দোলন কখন হয়েছিল?**
ⓚ ১৯৬৪ সালে ⓚ ১৯৬৬ সালে ⓖ ১৯৬৮ সালে ⓖ ১৯৭০ সালে

**৩. বঙ্গবন্ধু কর্তৃক গৃহীত দ্বিতীয় বিপ্লব কর্মসূচির উদ্দেশ্য কী ছিল?**
ⓚ খাদ্য সংকট মোকাবিলা ⓚ নতুন নির্বাচনের ব্যবস্থা
ⓖ রিলিফ কার্যক্রম জোরদারকরণ ⓖ পররাষ্ট্রনীতি নির্ধারণ

**৪. জেনারেল হুসেইন মুহম্মদ এরশাদ যে সকল কারণ দেখিয়ে ক্ষমতা গ্রহণ করেন–**
i. বিচারপতি সাত্তারের দুর্বল নেতৃত্ব ii. রাজনৈতিক অস্থিরতা
iii. আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**৫. ভাষা শহিদ শফিউর কত তারিখে শহিদ হন?**
ⓚ ২১শে ফেব্রুয়ারি ⓚ ২২শে ফেব্রুয়ারি
ⓖ ২৩শে ফেব্রুয়ারি ⓖ ২৪শে ফেব্রুয়ারি

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
১৯৭১ সালের মার্চের প্রথম থেকেই দেশের প্রতিটি অঞ্চলে যে সংগ্রাম পরিষদ গঠিত হয় তাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সালমা ও রত্নার মত অনেকেই পুরুষদের পাশাপাশি সামান্য প্রশিক্ষণ গ্রহণ করে মুক্তিযুদ্ধে অংশ নেন।

**৬. মুক্তিযুদ্ধে সালমা ও রত্নার ভূমিকা কী ছিল?**
ⓚ অনন্য ⓚ গৌরবদীপ্ত ⓖ গৌরবোজ্জ্বল ⓖ অপরিসীম

**৭. সালমা ও রত্নাদের মুক্তিযুদ্ধে অংশগ্রহণ ছিল –**
i. সরাসরি ii. পরোক্ষভাবে iii. স্বতঃস্ফূর্ত
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**৮. কোন গ্রহে কার্বন-ডাই অক্সাইডের পরিমাণ সবচেয়ে বেশি?**
ⓚ বুধ ⓚ শুক্র ⓖ বৃহস্পতি ⓖ মঙ্গল

**৯. প্রতিপাদ স্থানদ্বয়ের মধ্যকার দ্রাঘিমার পার্থক্য কত ডিগ্রি?**
ⓚ ৯০° ⓚ ১৮০° ⓖ ৩৬০° ⓖ ০°

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশের মধ্যভাগ দিয়ে পূর্ব-পশ্চিমে একটি বিশেষ ভৌগোলিক রেখা অতিক্রম করেছে, যার একটি তাৎপর্য আছে।

**১০. উক্ত ভৌগোলিক রেখার নাম কী?**
ⓚ অক্ষরেখা ⓚ দ্রাঘিমারেখা
ⓖ কর্কটক্রান্তি রেখা ⓖ মকরক্রান্তি রেখা

**১১. উক্ত রেখার সাথে বৈশিষ্ট্য পূর্ণ ঘটনা হলো –**
i. এই রেখার মান ২৩.৫° দক্ষিণ
ii. এই রেখার উপর লম্বভাবে অবস্থান করলে উত্তর গোলার্ধে বড় দিন হয়
iii. এই রেখার উপর সূর্য অবস্থান করলে দক্ষিণ গোলার্ধে শীতকাল হয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১২. ক ও খ স্থানের দ্রাঘিমা যথাক্রমে ৬০° পূর্ব ও ৩০° পশ্চিম হলে স্থান দুটির মধ্যে সময়ের পার্থক্য কত?**
ⓚ ৫ ঘণ্টা ⓚ ৪ ঘণ্টা ⓖ ৩ ঘণ্টা ⓖ ৬ ঘণ্টা

**১৩. কোন নদীটি কুড়িগ্রাম জেলা দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে?**
ⓚ আত্রাই ⓚ তেঁতুলিয়া ⓖ কুমারিকা ⓖ তিস্তা

**১৪. বাংলাদেশে পানি সংকট দূর করার জন্য –**
i. নদীতে বাঁধ দিতে হবে ii. জলাধার নির্মাণ করতে হবে
iii. নদী খনন করতে হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৫. ময়না ও মেহগণি কোন বনের বৃক্ষ?**
ⓚ সুন্দরবন ⓚ পাতাঝরা বন ⓖ চিরহরিৎ বন ⓖ শালবন

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
'A' মন্ত্রীসভার মূলমন্ত্র। সংবিধান অনুযায়ী তিনি তার শাসন পরিচালনার সংসদের কাছে দায়ী থাকেন।

**১৬. অনুচ্ছেদে 'A' বলতে কোন পদটিকে বোঝানো হয়েছে?**
ⓚ প্রধানমন্ত্রী ⓚ রাষ্ট্রপতি ⓖ স্পীকার ⓖ হুইপ

**১৭. উক্ত পদের কাজসমূহ –**
i. রাষ্ট্রীয় কাজের সমন্বয় সাধন ii. সরকারি বিলের পৃষ্ঠপোষকতা করেন
iii. রাষ্ট্রদূত ও হাই কমিশনারদের নিয়োগ দন করেন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**১৮. নাগরিকের প্রধান কর্তব্য কোনটি?**
ⓚ রাষ্ট্রের প্রতি আনুগত্য প্রকাশ করা ⓚ কর প্রদান করা
ⓖ ভিন্ন সংস্কৃতির প্রতি শ্রদ্ধাশীল থাকা ⓖ সততার সাথে ভোট দেয়া

**১৯. নির্বাচন সংক্রান্ত অপরাধের জন্য কমপক্ষে কত বছরের সশ্রম কারাদণ্ড হতে পারে?**
ⓚ ১ ⓚ ২ ⓖ ৩ ⓖ ৪

**২০. গণতন্ত্র কত শতকের একটি জনপ্রিয় ধারণা?**
ⓚ আঠারো ⓚ উনিশ ⓖ বিশ ⓖ একুশ

**২১. এসডিজি অর্জনে কীসের ক্ষেত্রে মানোন্নয়ন ও জাগরণ ঘটাতে হবে?**
ⓚ অর্থনীতির ক্ষেত্রে ⓚ রাজনীতির ক্ষেত্রে
ⓖ স্বাস্থ্যসেবার ক্ষেত্রে ⓖ শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রে

**২২. সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠিত হলে –**
i. রাজনৈতিক অস্থিরতা হ্রাস পাবে
ii. স্থিতিশীলতা বৃদ্ধি পাবে iii. নৈরাজ্য কমে আসবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৩. উচ্চ-মধ্য আয়ের দেশ হলো –**
i. চীন, ইরান ও শ্রীলঙ্কা ii. চীন, ইরান ও কম্বোডিয়া
iii. থাইল্যান্ড, শ্রীলঙ্কা ও তুরস্ক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৪. ২০২০ সালে 'A' দেশে মোট জনসংখ্যা ছিল ১৫ কোটি এবং ঐ সময়ে দেশের মোট জাতীয় আয় ছিল ৬০০০ কোটি মার্কিন ডলার। 'A' দেশের ঐ সময়ের মাথাপিছু আয় কত?**
ⓚ ১০০০ ডলার ⓚ ২০০০ ডলার ⓖ ৩০০০ ডলার ⓖ ৪০০০ ডলার

**২৫. কর বহির্ভূত রাজস্ব হলো –**
i. জরিমানা ও দণ্ড ii. রেজিস্ট্রেশন iii. সাধারণ প্রশাসন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৬. বাংলাদেশের শ্রম বাজারে প্রতি বছর কত লক্ষ নতুন কর্মক্ষম মানুষ প্রবেশ করছে?**
ⓚ ১০-২০ লক্ষ ⓚ ২০-২৫ লক্ষ ⓖ ২৫-৩০ লক্ষ ⓖ ৩০-৩৫ লক্ষ

**২৭. "সামাজিক পরিবর্তন হচ্ছে সামাজিক সংগঠনের মধ্যকার পরিবর্তন কে বলেছেন?**
ⓚ ম্যাকাইভার ⓚ কিংসলে ডেভিস ⓖ গেটেল ⓖ ফাইনার

**২৮. নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ কখন সংশোধিত হয়েছে?**
ⓚ ২০০০ সালে ⓚ ২০০২ সালে ⓖ ২০০৩ সালে ⓖ ২০০৪ সালে

**২৯. মিলিটারি শব্দটি কোন ভাষা হতে এসেছে?**
ⓚ গ্রিক ⓚ ল্যাটিন ⓖ ইংরেজি ⓖ ফরাসি

**৩০. জঙ্গিবাদ প্রতিরোধ করা সম্ভব –**
i. ব্যাপক সামাজিক আন্দোলনের মাধ্যমে ii. যুদ্ধের প্রশিক্ষণ গ্রহণ করে
iii. ধর্ম সম্পর্কে সঠিক ধারণা প্রদান করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** **বিষয় কোড : | 1 | 5 | 0 |**

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট **(সৃজনশীল)** পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. বাঙালি জাতির নিকট একটি স্মরণীয় মাস ফেব্রুয়ারি। ফেব্রুয়ারি মাসেই বাঙালিরা জীবন বিসর্জন দিয়ে নিজ মাতৃভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করেছিল। ফেব্রুয়ারি মাসের একুশ তারিখ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি পাওয়ায় এ দিনে বাঙালি জাতিসহ বিশ্বের সকল দেশের মানুষ নিজ মাতৃভাষা ও সংস্কৃতিকে গভীরভাবে শ্রদ্ধার সাথে স্মরণ করে থাকে।
- ক. পঞ্চাশের দশকব্যাপী বাঙালিদের কী প্রতিষ্ঠার প্রস্তুতিকাল ছিল? ১
- খ. যুক্তফ্রন্ট কেন গঠন করা হয়? ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকে যে বিষয়টির আলোকপাত করা হয়েছে তার পটভূমি ব্যাখ্যা করো। ৩
- ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ করো। ৪


২. বঙ্গবন্ধু সরকার রাষ্ট্র পরিচালনার জন্য সংবিধান প্রণয়ন করে তাতে মুক্তিযুদ্ধের প্রতিফলন ঘটান। শিক্ষা, শিল্প, খাদ্য ও অর্থনীতি প্রভৃতি ক্ষেত্রেও কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে সক্ষম হন। এ সরকার মিত্রবাহিনীকে ফেরত পাঠানোসহ পররাষ্ট্র নীতির ক্ষেত্রে উজ্জ্বল ভাবমূর্তি প্রতিষ্ঠা করেছিল।
- ক. মুক্তিযুদ্ধকালীন ‘চরমপত্র’ কী? ১
- খ. ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের প্রধান দিকগুলো লেখো। ২
- গ. উদ্দীপকে আলোকপাতকৃত সংবিধানের বিভিন্ন দিক ব্যাখ্যা করো। ৩
- ঘ. উদ্দীপকে উল্লিখিত সরকার যুদ্ধবিধ্বস্ত দেশ গঠনে যে ভূমিকা রেখেছিল তা বিশ্লেষণ করো। ৪

৩. তথ্য-১: সকল জোটের ঐক্যবদ্ধ আন্দোলনে জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের পদত্যাগের ঘোষণা, শাসকের পদত্যাগের ঘোষণায় সামরিক শাসনের অবসান।

তথ্য-২: দারিদ্র্য বিমোচন, শিক্ষার প্রসার, শিশু মৃত্যুর হার হ্রাস, নারীর ক্ষমতায়ন এবং শিক্ষা, খাদ্য ও শিশুনীতি প্রণয়ন।
- ক. ছয় দফাকে তৎকালীন কেন্দ্রীয় সরকার কী বলে আখ্যায়িত করে? ১
- খ. খাদ্যনীতি-২০০৬ কেন প্রণীত হয়? ব্যাখ্যা করো। ২
- গ. তথ্য-১ এর ঐতিহাসিক বিষয়টি ব্যাখ্যা করো। ৩
- ঘ. তথ্য-২ এ উল্লিখিত বিষয় তোমার পঠিত যে বিষয়কে নির্দেশ করে তা বিশ্লেষণ করো। ৪

৪. আসিফ বাংলাদেশের নাগরিক। ডিসেম্বরে বার্ষিক পরীক্ষা বিকাল ৫ টায় শেষ হলে তার বাড়ি ফিরতে সূর্যাস্ত হয়। অন্যদিকে, জুন মাসে অর্ধবার্ষিক পরীক্ষার পর বাড়ি ফিরে এক ঘণ্টারও বেশি সময় খেলতে পারে।
- ক. মূল মধ্যরেখা কাকে বলে? ১
- খ. অশ্মমন্ডলের গঠন বর্ণনা করো। ২
- গ. উদ্দীপকে বর্ণিত দুটি সময় কোন বিষয়টি প্রকাশ করে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. “উদ্দীপকে বর্ণিত মাস দুটিতে দু'টি ঋতু বিরাজমান”- বিশ্লেষণ করো। ৪

৫. চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।




- ক. বাংলাদেশের গ্রীষ্মকালে সর্বোচ্চ তাপমাত্রা কত? ১
- খ. বাংলাদেশে কেন ভূমিকম্প হয়? ব্যাখ্যা করো। ২
- গ. মানচিত্রের A ও C অঞ্চলের ভূ-প্রকৃতির গঠনগত পার্থক্য নির্ণয় করো।
- ঘ. মানচিত্রের A ও C অঞ্চলের মধ্যে জনবসতির ঘনত্বের তুলনা করো। ৪

৬. বাংলাদেশ ১৯৭৪ সালে একটি আন্তর্জাতিক সহযোগী সংগঠনের সদস্যপদ লাভ করে। বিশ্বের সর্ববৃহৎ এই সংগঠনটি বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশে তাদের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম সফলতার সাথে পরিচালনা করছে।
- ক. কত সালে ‘বেইজিং প্লাস টেন’ সম্মেলন অনুষ্ঠিত হয়? ১
- খ. ‘মানবাধিকার ছাড়া কোনো মানুষ পূর্ণাঙ্গ হতে পারে না’- উক্তিটি ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকে আলোচিত সংগঠনটির গঠন বর্ণনা করো। ৩
- ঘ. উক্ত সংগঠনটি বাংলাদেশে কীভাবে তার কার্যক্রম পরিচালনা করছে? বিশ্লেষণ করো। ৪

৭. বাংলাদেশের সর্বাপেক্ষা প্রাচীন স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানটি এখনো তাদের কাজ সফলভাবে চালিয়ে যাচ্ছে। কারণ এ ধরনের প্রতিষ্ঠানের প্রতিনিধিরা তাদের কাজের জন্য জনগণের নিকট দায়ী থাকে।
- ক. সংসদ আহ্বান করেন কে? ১
- খ. সুশাসনের জন্য আইন কেন প্রয়োজন? ২
- গ. উদ্দীপকে আলোচিত প্রতিষ্ঠানটি কীভাবে গঠিত হয়? ব্যাখ্যা করো। ৩
- ঘ. ‘এ ধরনের প্রতিষ্ঠানের শ্রেষ্ঠত্ব হলো এটি কেন্দ্রের মুখাপেক্ষিতা এবং আমলাতান্ত্রিক জটিলতা মুক্ত’- বিশ্লেষণ করো। ৪

৮.

অর্থব্যবস্থা → A, B

| A | B |
|---|---|
| নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্য ব্যক্তিগত উদ্যোগে উৎপাদিত হয়। | উৎপাদন ও ভোগের ক্ষেত্রে সরকারি হস্তক্ষেপ নেই। |
| জনগুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান সরকারের নিয়ন্ত্রণে থাকে। | শ্রমিকেরা ন্যায্য মজুরি হতে বঞ্চিত হয়। |

- ক. বিনিয়োগ কী? ১
- খ. জাতীয় সম্পদ সংরক্ষণ ও অপচয় রোধ করা হয় কীভাবে? ২
- গ. উদ্দীপকে A বলতে কোন অর্থব্যবস্থাকে নির্দেশ করছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. ‘A অর্থব্যবস্থা ও B অর্থব্যবস্থার মধ্যে পার্থক্য বিদ্যমান’- বিশ্লেষণ করো।৪

৯. K নামক প্রতিষ্ঠানটি একটি দেশের ঋণ নিয়ন্ত্রণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। অপরদিকে, B নামক প্রতিষ্ঠানটি প্রধানত স্বল্পমেয়াদি ঋণ প্রদানের মাধ্যমে অর্থনীতির উন্নয়নে বিশেষ সহায়তা প্রদান করে।
- ক. বিহিত মুদ্রা কাকে বলে? ১
- খ. অর্থনৈতিক প্রবৃদ্ধি ও অর্থনৈতিক উন্নয়ন এক নয় কেন? ২
- গ. উদ্দীপকে B বলতে কোন ব্যাংককে নির্দেশ করছে? তার প্রধান প্রধান কার্যাবলিগুলো ব্যাখ্যা করো। ৩
- ঘ. “B ব্যাংক হতে K ব্যাংক ভিন্ন”। বর্ণনা করো। ৪

১০. দৃশ্যকল্প-১: আরিফ তার বাবা মায়ের সাথে শহরে বসবাস করে।

দৃশ্যকল্প-২: ফাহমিদের পরিবার মা-বাবা, দাদা-দাদিসহ গ্রামে বাস করে।
- ক. পরিবার গঠনের অন্যতম পূর্বশর্ত কী? ১
- খ. ‘পরিবার ছিল একসময় অর্থনৈতিক কার্যকলাপের মূল কেন্দ্রস্থল’- ব্যাখ্যা করো। ২
- গ. উদ্দীপকে কোন ধরনের পরিবার সম্পর্কে বলা হয়েছে? বর্ণনা করো। ৩
- ঘ. দৃশ্যকল্প-১ ও ২ এ বর্ণিত পরিবারের ভূমিকায় যে পার্থক্য রয়েছে তা বিশ্লেষণ করো। ৪

১১. ঘটনা-১: জনাব আনোয়ার একটি প্রতিষ্ঠানের প্রধান কর্মকর্তা। তিনি প্রতিনিয়ত নিজের লাভের জন্য প্রতিষ্ঠানকে ব্যবহার করেন। ফাইল আটকে ঘুষ গ্রহণ করেন।

ঘটনা-২: মিলি রিকশা করে স্কুলে যাচ্ছিল। হঠাৎ বেপরোয়া গতির একটি গাড়ি এসে তাদের রিক্সাকে ধাক্কা দেয়। ফলে তারা আহত হয়।
- ক. কিশোর শ্রমিকদের স্বাভাবিক কাজের সময় দৈনিক কত ঘণ্টা? ১
- খ. এইডস আক্রান্ত রোগীর শারীরিকভাবে মৃত্যুর পূর্বেই মানসিক মৃত্যু ঘটে কেন? ২
- গ. জনাব আনোয়ারের ক্ষেত্রে কোন ধরনের সামাজিক সমস্যা প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. ঘটনা-২ এ যে সামাজিক সমস্যা চিহ্নিত করা হয়েছে তদ্রুপ সমস্যা সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপসমূহ বিশ্লেষণ করো। ৪

## মডেল টেস্ট- ০২

# রাজশাহী ক্যাডেট কলেজ

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** **বিষয় কোড : 1 5 0**

**(বহুনির্বাচনি অভীক্ষা)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য গঠিত উপদেষ্টা কমিটির আহ্বায়ক কে ছিলেন?**
ⓚ শেখ মুজিবুর রহমান ⓚ নজরুল ইসলাম
ⓖ তাজউদ্দীন আহমদ ⓖ মোশতাক আহমেদ

**২. যেখানে বাঙালি-অবাঙালি দাঙ্গার অজুহাত দেখানো হয় –**
i. আদমজী পাটকল ii. কর্ণফুলী কাগজকল
iii. রেশম বোর্ড
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৩. প্রেসিডেন্ট ইস্কান্দার মীর্জা সামরিক আইন জারি করে–**
ⓚ ১৪ই এপ্রিল ১৯৫৬ ⓚ ১৫ই আগস্ট ১৯৫৮
ⓖ ৭ই অক্টোবর ১৯৫৮ ⓖ ১১ই মার্চ ১৯৬২

**৪. আগরতলা মামলার বিচার শুরু হয় –**
ⓚ করাচি ক্যান্টনমেন্ট ⓚ আগরতলা ক্যান্টনমেন্ট
ⓖ ঢাকা ক্যান্টনমেন্ট ⓖ রাজশাহী ক্যান্টনমেন্ট

**৫. মাতৃতান্ত্রিক পরিবার চালু আছে –**
i. গারো ii. খাসিয়া iii. মুরং
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**৬. "মানবীয় সম্পর্কের পরিবর্তন হচ্ছে সামাজিক পরিবর্তন"– কে বলেছেন?**
ⓚ অ্যারিস্টটল ⓚ প্লেটো ⓖ ম্যাকাইভার ⓖ সিসেরো

**৭. সামাজিক পরিবর্তনের উল্লেখযোগ্য কারণ কোনটি?**
ⓚ অর্থনৈতিক অবস্থা ⓚ ভৌগোলিক অবস্থান
ⓖ রাজনৈতিক অবস্থান ⓖ অসহযোগ আন্দোলন

**৮. বাংলাদেশ শ্রম আইন ২০১৬ অনুযায়ী শিশুদের ন্যূনতম বয়স হলো –**
ⓚ ১০ বছর ⓚ ১২ বছর ⓖ ১৪ বছর ⓖ ১৮ বছর

**৯. "রোগকে ঘৃনা কর, রোগীকে নয়"– এ স্লোগানটির সাথে সম্পর্কিত –**
ⓚ সড়ক দুর্ঘটনা ⓚ শিশুশ্রম
ⓖ নারীর প্রতি সহিংসতা ⓖ এইডস রোগী

**১০. জাতীয় সম্পদ সংরক্ষণ নির্দেশ করে –**
i. বিশেষ নিরাপত্তা দেওয়া ii. রক্ষণাবেক্ষণ ও তত্ত্বাবধান
iii. যেকোনো সম্পদ নষ্ট করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**
বর্তমানে বাংলাদেশ সকল সূচকে উন্নতি করেছে। তবুও বর্তমানে অনেক প্রতিবন্ধকতা আছে। এগুলোর মধ্যে আর্থ-সামাজিক প্রতিবন্ধকতাই প্রধান। এর কারণেই বিভিন্ন ক্ষেত্রে উৎপাদনশীলতা হ্রাস পায়।

**১১. নিচের কোনটি অর্থনৈতিক অবকাঠামো?**
ⓚ পরিবহন ⓚ স্বাস্থ্য ⓖ শিক্ষা ⓖ অপুষ্টি

**১২. নিম্ন উৎপাদনশীলতার কারণ –**
i. সাক্ষরতার নিম্ন হার ii. দক্ষতার অভাব iii. পুঁথিগত শিক্ষা ব্যবস্থা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**১৩. "অনুন্নত দেশ হচ্ছে সেসব দেশ যেগুলোতে জনসংখ্যা অত্যধিক ও প্রাকৃতিক সম্পদের তুলনায় পুঁজি বা মূলধন কম"– কে বলেছেন?**
ⓚ অ্যাডাম স্মিথ ⓚ ডাল্টন ⓖ র‍্যাগনার নার্কস ⓖ স্যামুয়েলসন

**১৪. ব্রিজ, কালভার্ট, বন্দর, হাট ও বাজার ব্যবহারের জন্য যে কর আদায় করা হয় তাকে কী বলে?**
ⓚ আবগারি শুল্ক ⓚ ভ্যাট ⓖ টোল ⓖ লেভি

**১৫. বাংলাদেশে ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠানগুলোর বিশেষ বৈশিষ্ট্য কী?**
ⓚ জামানত ছাড়া ঋণ দেয় ⓚ জামানত নিয়ে ঋণ দেয়
ⓖ বিনিময় বিল ⓖ জনগণকে টাকা পাঠাতে সাহায্য করে

**১৬. বাংলাদেশে কোন ধরনের উন্নয়ন অগ্রাধিকার পাবে?**
ⓚ আঞ্চলিক ⓚ সার্বিক ⓖ টেকসই ⓖ কৃষি

**১৭. নিচের কোনটিকে জাতিসংঘের প্রশাসনিক বিভাগ বলা হয়?**
ⓚ নিরাপত্তা পরিষদ ⓚ সচিবালয়
ⓖ অর্থনৈতিক ও সামাজিক পরিষদ ⓖ আন্তর্জাতিক আদালত

**১৮. "কাউকে কোনো নির্দিষ্ট স্থানে আসতে আদেশ করা বা আনুষ্ঠানিকভাবে কাউকে উপস্থিত হতে বলা"– একে কী বলে?**
ⓚ সমন ⓚ ছড়িয়ে পড়া ⓖ আলাদা করা ⓖ অ্যাটর্নি

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
একটি আন্তর্জাতিক সংস্থার প্রধান উদ্দেশ্য হলো উদ্বাস্তুদের অধিকার রক্ষা ও কল্যাণ সাধন। এ উদ্দেশ্য অর্জনের অংশ হিসেবে প্রত্যেকেই যাতে আশ্রয় লাভের অধিকার চর্চা করতে পারে ও অন্য কোনো স্থানে নিরাপদ আশ্রয় খুঁজে পায় এবং স্বেচ্ছায় নিজ বাড়িতে ফিরতে পারে তা নিশ্চিতে চেষ্টা করে।

**১৯. উদ্দীপকে বর্ণিত কার্যক্রম কোন আন্তর্জাতিক সংস্থার সাথে সাদৃশ্যপূর্ণ?**
ⓚ WHO ⓚ UNDP ⓖ UNICEF ⓖ UNHCR

**২০. সংস্থাটি কীভাবে তার উদ্দেশ্য পূরণ করে এবং উদ্বাস্তুদের অধিকার রক্ষা ও কল্যাণ সাধন করে?**
i. সরকারের অংশীদারিত্ব যুক্ত করে ii. কার্যপ্রণালি বিচ্যুতি ঘটিয়ে
iii. মানবিক সম্প্রদায় সৃষ্টি করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**২১. সমাজে আইনের শাসন না থাকলে কোনটি ঘটবে?**
ⓚ তথ্য আইনের বিস্তৃতি ঘটবে না ⓚ বৈষম্য সৃষ্টি হবে
ⓖ নির্বাচন বাধাগ্রস্ত হবে ⓖ রাজনৈতিক শিক্ষা প্রশ্নবিদ্ধ হবে

**২২. জাতীয় সংগীত, ইতিহাস এবং জাতীয় বীর ও বুদ্ধিজীবীদের অবদান স্মরণ করা কীসের উদাহরণ?**
ⓚ প্রথা ⓚ মৌলিক ইতিহাস ⓖ দেশপ্রেমিক ⓖ জাতীয়তাবাদ

**২৩. স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত বাংলাদেশে কয়টি রাজনৈতিক দল ক্ষমতায় এসেছে?**
ⓚ ২ ⓚ ৩ ⓖ ৪ ⓖ ৫

**২৪. পিসি কালচার কী?**
ⓚ গবাদি পশু উৎপাদন ⓚ পাখি পালন
ⓖ হাঁস-মুরগি উৎপাদন ⓖ মাছ উৎপাদন

**২৫. কিশোরদের স্বাভাবিক কাজের সময়সীমা হলো –**
ⓚ দৈনিক ৮ ঘণ্টা ⓚ সপ্তাহে ৮ ঘণ্টা ⓖ দৈনিক ৫ ঘণ্টা ⓖ সপ্তাহে ৫ ঘণ্টা

**২৬. পদ্মার প্রধান উপনদী কোনটি?**
ⓚ কুমার ⓚ ভৈরব ⓖ মহানন্দা ⓖ গড়াই

**২৭. যেসব গাছের পাতা কখনো একবার ঝরে পড়ে না –**
i. ময়না ii. তেলসুর iii. বাঁশ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**২৮. সৌরজগতের দ্বিতীয় বৃহত্তম গ্রহ কোনটি?**
ⓚ মঙ্গল ⓚ পৃথিবী ⓖ শনি ⓖ নেপচুন

**২৯. পৃথিবীর অভ্যন্তরে কোন স্তরে (SIMA) সিমা পাওয়া যায়?**
ⓚ ভূত্বক ⓚ গুরুমণ্ডল ⓖ কেন্দ্রমণ্ডল ⓖ অশ্মমণ্ডল

**৩০. ১ থেকে ৪ জানুয়ারি সময়ে –**
i. সূর্য পৃথিবীর সবচেয়ে কাছে থাকে ii. একে অনুসূর বলে
iii. দক্ষিণ গোলার্ধে শীতকাল
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** **বিষয় কোড : 1 5 0**

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট **(সৃজনশীল)** পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. দৃশ্যপট-১: সিমিন কানাডা থেকে বাংলাদেশে আসবে জানুয়ারি মাসের শেষ দিকে। তার স্মৃতিপটে ভাসতে থাকে সামনে যে মাস আসছে এবার সে ফুল নিয়ে খালি পায়ে সেই গৌরবময় স্থানটিতে যেতে পারবে। সিমিন গর্ব অনুভব করে তার মাতৃভূমির বিশেষ দিনটি পুরো বিশ্ব একযোগে পালন করে।

দৃশ্যপট-২; মাজেদ তার গ্রামের বেশ কিছু উন্নয়নের জন্য পরিকল্পনা করে। সে তার বন্ধুদের নিয়ে এ প্রসঙ্গে তাদের ক্লাবে জরুরি সভা ডাকে। অপরদিকে, গ্রামের যাতে উন্নতি না হয় সেজন্য কিছু লোক তাদের সবার কথা বানোয়াট, মিথ্যা সাজিয়ে প্রচার করে, যা রাষ্ট্র ও সমাজের জন্য আপত্তিকর। সাথে সাথেই মাজেদ ও তার বন্ধুদের গ্রেফতার করা হয়। সত্য ঘটনা জানার পর সেই বিরোধী লোকেরা সাজানো নাটক মিথ্যে বলে স্বীকার করে। মাজেদ ও তার বন্ধুরা মুক্তি পায়। শুরু হয় এক নবদিগন্তের দ্বার।

ক. বাঙালি জাতীয়তাবাদ কাকে বলে? ১

খ. মৌলিক গণতন্ত্রের ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. দৃশ্যপট-২ এর ঘটনার সাথে কোন ঐতিহাসিক ঘটনার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সিমিনের স্মৃতিপটের দৃশ্যমান বিষয় বাংলার মানুষের মুখের ভাষাকে ফিরিয়ে দিয়েছিল। বিশ্লেষণ করো। ৪

২. বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ে মাল্টিমিডিয়া ক্লাসে শিক্ষক ১০ম শ্রেণির শিক্ষার্থীদেরকে দুটি অডিও রেকর্ড শোনান। অডিও রেকর্ডে একজন নেতার বলিষ্ঠ কণ্ঠে উচ্চারিত হয়-

১নং "........ ইহাই হয়ত আমার শেষ বার্তা, আজ হইতে বাংলাদেশ স্বাধীন...... ।"

২নং "....... রক্ত যখন দিয়েছি আরও দেব,
.........এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম,
এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম....... ।"

ক. ছয়দফা কর্মসূচি কী? ১

খ. মুক্তিযুদ্ধে ছাত্রসমাজ কীভাবে ভূমিকা রেখেছিল? ২

গ. ১নং এ কোন ঐতিহাসিক বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. ২নং এর সাথে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের আনুষ্ঠানিকতা শুরুর সম্পর্ক রয়েছে- বিশ্লেষণ করো। ৪

৩. দৃশ্যকল্প-১: ভূগোল বিষয়ের শিক্ষক জামাল হোসেন দশম শ্রেণির বাংলাদেশ ও বিশ্বপরিচয় ক্লাসে 'সৌরজগত' নিয়ে আলোচনা করছিলেন। তিনি এমন এক গ্রহের বর্ণনা করলেন সেটি সূর্য থেকে প্রায় ৭৭.৮ কোটি কিলোমিটার দূরে। গ্রহটিতে গভীর বায়ুমণ্ডল আছে।

দৃশ্যকল্প-২: সাদিয়া সিডনিতে (৩৫° দক্ষিণ অক্ষরেখা ও ১৫০° পূর্ব দ্রাঘিমা রেখা) পড়াশোনা শুরু করেছে। তার পিতা ফজলুল হক ঢাকা থেকে (২৩.৫° উত্তর অক্ষরেখা ও ৯০° পূর্ব দ্রাঘিমা রেখা) স্থানীয় সময় সকাল ছয়টায় মেয়েকে জন্মদিনের শুভেচ্ছা জানান।

ক. সৌরদিন কাকে বলে? ১

খ. নাইফ (Nife) কী? ২

গ. দৃশ্যকল্প-২ এ সিডনির স্থানীয় সময় কয়টায় ফজলুল হক সাহেব ফোন করেছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যকল্প-১ এ শিক্ষক জামাল হোসেন যে গ্রহটির কথা উল্লেখ করেছেন তা চিত্র এঁকে বর্ণনা করো। ৪

৪. তমাল খুলনা থেকে নৌ ভ্রমণে বেরিয়েছে। সে যে নদীপথে ভ্রমণ করে সেটি প্রবল স্রোত সম্পন্ন। নদীটি বিস্তৃত মোহনার সৃষ্টি করেছে।

ক. সৌর শক্তি কাকে বলে? ১

খ. পানি ব্যবস্থাপনা বলতে কী বোঝ? ২

গ. তমালের ভ্রমণকৃত নদীটির গতিপথ ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের অর্থনীতিতে তমালের ভ্রমণকৃত নদীটির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৫. দৃষ্টপট-১: মাজদার হোসেন নামে একজন বিচারপতি প্রচলিত আইনে রায় দিতে ব্যর্থ হয়ে দীর্ঘ আইন পেশার অভিজ্ঞতা ও দক্ষতার আলোকে একটি মামলার নিষ্পত্তি করেছিলেন।

দৃশ্যপট-২: 'ক' নামক রাষ্ট্রে সুশাসন প্রতিষ্ঠিত হওয়ায় সকল নাগরিক সমানভাবে স্বাধীনতা ও রাষ্ট্রপ্রদত্ত সুযোগ-সুবিধা ভোগ করে থাকে এবং কেউ কারও অধিকার ক্ষুন্ন করতে পারে না।

ক. লাস্কি প্রদত্ত নাগরিকের সংজ্ঞাটি লেখো। ১

খ. সুবিবেচনার সাথে ভোটাধিকার প্রয়োগ করা নাগরিকের পবিত্র দায়িত্ব ও কর্তব্য কেন? ২

গ. দৃশ্যপট-১ এ আইনের কোন উৎসের উল্লেখ রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সুশাসন প্রতিষ্ঠায় প্রেক্ষাপট-২ এর ভূমিকাকে মূল্যায়ন করো। ৪

৬. মঞ্জিল মোর্সেদ সরকার কর্তৃক নিযুক্ত গ্রাম ও শহর এলাকা নিয়ে গঠিত একটি সংস্থার প্রধান। তিনি কেন্দ্রীয় সরকারের এজেন্ট হিসাবে আইনের শাসন প্রতিষ্ঠার পাশাপাশি সরকারের জন্য রাজস্ব আদায়ও করে থাকেন। অন্যদিকে হায়দার আলী একই এলাকা নিয়ে গঠিত আরেকটি সংস্থার জনগণ কর্তৃক পরোক্ষভাবে নির্বাচিত প্রধান। উক্ত এলাকার সমৃদ্ধির জন্য তিনি ও তার সদস্যরা উন্নয়নমূলক কাজের প্রতি অধিক গুরুত্ব দিয়ে থাকেন।

ক. সাধারণভাবে সরকার বলতে আমরা কী বুঝি? ১

খ. আধুনিককালে রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে স্থানীয় স্বায়ত্তশাসনের গুরুত্ব এত বেশি কেন? ২

গ. হায়দার আলী কোন স্থানীয় সংস্থার প্রধান? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত কাজের জন্য মঞ্জিল মোর্সেদকে উক্ত সংস্থার মধ্যমণি বলা যায় কি? পাঠ্যপুস্তকের আলোকে মতামত দাও। ৪

৭. দৃশ্যকল্প-১: একটি রিয়েল এস্টেট কোম্পানি পাহাড় কেটে বিরাট খাল ভরাট করছে এবং প্লট বিক্রি করছে।

দৃশ্যকল্প-২: পৌরসভার নাগরিকগণ সরকারের দিকে তাকিয়ে না থেকে সকলে তাদের দায়িত্ব কর্তব্য সঠিকভাবে পালন করার মাধ্যমে সুন্দর বাসযোগ্য পৌরসভায় রূপান্তরিত করার চেষ্টা করেছে।

ক. অংশীজন কাকে বলে? ১

খ. বাংলাদেশে SDG বা টেকসই উন্নয়ন অভীষ্ট এর উদ্দেশ্য কী? ২

গ. দৃশ্যকল্প-১: কোন বিষয়বস্তুকে নির্দেশ করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যকল্প-২: এ বিশ্বের সর্বত্র সুন্দর বাসযোগ্য পৃথিবী গড়া সম্ভব- মূল্যায়ন করো। ৪

৮. 'ক' দেশ- উৎপাদন ও ভোগের ক্ষেত্রে উৎপাদকের স্বাধীনতা নেই। ব্যক্তিগত মুনাফা অর্জনের সুযোগ নেই।

'খ' দেশ- উৎপাদন, বণ্টন ও ভোগ স্বাধীনভাবে পরিচালিত হলেও সরকারি নিয়ন্ত্রণ বিদ্যমান। মুনাফা অর্জনই প্রধান লক্ষ্য।

ক. অভাব কাকে বলে? ১

খ. ভোগ কী? ২

গ. 'ক' দেশে কী ধরনের অর্থনৈতিক ব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত দুটি দেশের মধ্যে কোন অর্থনৈতিক ব্যবস্থাটি বাংলাদেশের জন্য প্রযোজ্য? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯. প্রেক্ষাপট-১: নারী উদ্যোক্তা সামিয়ার ফ্যাশন হাউস উদ্বোধন করেন জনপ্রিয় ক্রিকেটার সাকিব আল হাসান। গুণগতমান বজায় আছে বলেই তার নিজস্ব কারখানায় তৈরিকৃত পোশাকের ব্যাপক চাহিদা আছে। সফল নারী উদ্যোক্তার পাশাপাশি তিনি নিয়মিত কর প্রদানের জন্য পুরস্কারও লাভ করেন।

প্রেক্ষাপট-২: ধনাঢ্য ব্যবসায়ী প্রদীপ কুমার ড্রিম হলিডে পার্ক প্রতিষ্ঠার দ্বারা সেবার মাধ্যমে আয় করেন যা থেকে সরকারও রাজস্ব লাভ করে থাকেন।

ক. ডাল্টন প্রদত্ত সরকারি অর্থ ব্যবস্থার সংজ্ঞা দাও। ১

খ. ব্যাংককে ঋণের কারবারি কেন বলা হয়? ২

গ. নারী উদ্যোক্তা সামিয়া কোন ধরনের কর প্রদান করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. আর্থ-সামাজিক উন্নয়নে প্রেক্ষাপট-২ এর অবদান যথেষ্ট বলে মনে কর কি? যুক্তিসহ মতামত দাও। ৪

১০. দৃশ্যকল্প-১: জনাব 'X' একটি অধিদপ্তরের মহাপরিচালক। তার অধীনস্থ একজন নারীকর্মী মাতৃত্বকালীন ছুটি নিয়ে সরকারি হাসপাতালে ভর্তি হন। পরবর্তীতে মা ও সন্তানের সুস্বাস্থ্য রক্ষায় প্রয়োজনীয় খাদ্য ও ওষুধ সরবরাহ করেন হাসপাতাল কর্তৃপক্ষ।

দৃশ্যকল্প-২: জনাব 'Y' অতি মুনাফার আশায় বিভিন্ন দ্রব্য সামগ্রী মজুদ রেখে কৃত্রিম সংকট সৃষ্টি করে। এতে সাধারণ জনগণ আর্থিক ক্ষতির সম্মুখীন হয়।

ক. সামাজিক নৈরাজ্য কাকে বলে? ১

খ. 'সামাজিক মূল্যবোধের নেতিবাচক পরিবর্তনই মূল্যবোধের অবক্ষয়'- ব্যাখ্যা করো। ২

গ. দৃশ্যকল্প-১ এ বর্ণিত ঘটনার মাধ্যমে কোন বিষয়টি ইঙ্গিত করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এ বর্ণিত সমস্যাটি প্রতিরোধে প্রয়োজন সামাজিক আন্দোলন'- বিশ্লেষণ করো। ৪

১১. দৃশ্যপট-১: সাইফুল তার বাবা-চাচার সাথে একই পরিবারে বাস করত। সম্প্রতি বিয়ে করে বৌকে নিয়ে শহরে সে আলাদা বাসায় বসবাস করে।

দৃশ্যপট-২: কামরান রংপুর কারমাইকেল কলেজে অনার্স এ পড়ে। তার আচার-আচরণে বন্ধু-বান্ধবসহ সবাই মুগ্ধ। তার সম্পর্কে মন্তব্য করতে গিয়ে তার এক প্রতিবেশী বলেন, সে তার বাবা-দাদার মতোই হয়েছে।

ক. প্রযুক্তিগত পরিবেশ কাকে বলে? ১

খ. বাংলাদেশের কৃষিভিত্তিক গ্রামীণ মুসলিম সমাজে কোন ধরনের পরিবার দেখা যায়? ২

গ. উদ্দীপকে সাইফুলের বাবা-চাচার পরিবারটি যে ধরনের তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে দৃশ্যপট-২ এ ইঙ্গিতকৃত মাধ্যমটিই সামাজিকীকরণের শ্রেষ্ঠ মাধ্যম' বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৩

# সিলেট ক্যাডেট কলেজ

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** **বিষয় কোড : 1 5 0**

সময় : ৩০ মিনিট **(বহুনির্বাচনি অভীক্ষা)** পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. কত তারিখে পৃথিবীর সর্বত্র দিন-রাত্রি সমান হয়?**
ⓚ ২১ শে মার্চ ⓚ ২১ শে জুন
ⓖ ২৩ শে সেপ্টেম্বর ⓖ ২২ শে ডিসেম্বর

**২. সূর্য গঠিত হয়েছে –**
i. ৫৫% হাইড্রোজেন দিয়ে ii. ৪৪% হিলিয়াম দিয়ে
iii. ১% অন্যান্য গ্যাস দিয়ে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**৩. শীতকালে বাংলাদেশের কোন অঞ্চলের তাপমাত্রা অধিক কমে যায়?**
ⓚ দক্ষিণাঞ্চল ⓚ উত্তরাঞ্চল
ⓖ পূর্বাঞ্চল ⓖ পশ্চিমাঞ্চল

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
'X' সৌর জগতের একটি গ্রহ যার আকাশে বছরে দুইবার সূর্য ওঠে ও অস্ত যায়।

**৪. উক্ত গ্রহটির নাম কী?**
ⓚ পৃথিবী ⓚ শুক্র ⓖ মঙ্গল ⓖ বৃহস্পতি

**৫. উক্ত গ্রহটির বৈশিষ্ট্য হলো –**
i. ৯০% কার্বন ডাই অক্সাইড ii. এসিড বৃষ্টি হয়
iii. এর ব্যাস ১২১০৪ কি. মি.
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**৬. বিশ্বের সবচেয়ে ভূমিকম্প প্রবণ অঞ্চল কোনটি?**
ⓚ প্রশান্ত মহাসাগরীয় ⓚ ভূমধ্যসাগরীয়
ⓖ মধ্য আটলান্টিক ও ভূমধ্যসাগরীয় ⓖ উত্তর ভারতীয়

**৭. যমুনার শাখা নদী কোনটি?**
ⓚ ধলেশ্বরী ⓚ হুগলি ⓖ নাফ ⓖ চিত্রা

**৮. "রাষ্ট্র হলো বহুসংখ্যক ব্যক্তি নিয়ে গঠিত এমন এক জনসমাজ যারা নির্দিষ্ট ভূ-খন্ডে স্থায়ীভাবে বসবাস করে, যা বর্হিশক্তির নিয়ন্ত্রণ হতে মুক্ত এবং যাদের একটি সুসংগঠিত সরকার আছে, যে সরকারের প্রতি ঐ জনসমাজ স্বভাবতই অনুগত" – কথাটি কে বলেছেন?**
ⓚ অধ্যাপক গার্নার ⓚ অ্যারিস্টটল
ⓖ আর. এম. ম্যাকাইভার ⓖ অধ্যাপক গেটেল

**৯. রাষ্ট্র পূর্ণ ভূমিকা পালন করে –**
i. যৌতুক প্রথা দূর করতে ii. বাল্য বিবাহ প্রতিরোধে
iii. লিঙ্গ সমতা নিশ্চিত করণে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রুশদি বলেন, "একটি আধুনিক রাষ্ট্র নিজে নিজে উন্নতি করতে পারে না। রাষ্ট্রের সফলতা ও উন্নয়ন বিভিন্ন সূচকের ওপর নির্ভর করে। দেশের নাগরিকগণই এর প্রাণকেন্দ্র। প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় সবকিছুই নাগরিকদের কেন্দ্র করে আবর্তিত হয়। তাই নাগরিকদের অধিকার ও স্বাধীনতা রক্ষা করা উচিত।"

**১০. রাষ্ট্রের সফলতা ও ব্যর্থতা নাগরিকদের কোন বিষয়টির ওপর নির্ভরশীল?**
ⓚ দায়িত্ববোধ ⓚ দায়িত্ব ⓖ দায়িত্ব ও কর্তব্য ⓖ সম্পদ

**১১. কোনটি নাগরিকদের স্বাধীনতাকে রক্ষা করে?**
ⓚ পুলিশ ⓚ আইনের প্রাধান্য ⓖ সশস্ত্র বাহিনী ⓖ সার্বভৌমত্ব

**১২. জাতিসংঘের কোন সংস্থাটি বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে রোহিঙ্গা ইস্যুতে কাজ করছে?**
ⓚ UNHCR ⓚ UNICEF ⓖ UNDP ⓖ UNFPA

**১৩. বর্তমানে বাংলাদেশে কয়টি ইউনিয়ন পরিষদ আছে?**
ⓚ ৪৫৮৯ টি ⓚ ৪৫৬৯ টি ⓖ ৪৫৭০ টি ⓖ ৪৫৭১ টি

**১৪. আইনসভা প্রণীত আইন কার সম্মতি লাভের পর কার্যকর হয়?**
ⓚ স্পিকার ⓚ মন্ত্রী
ⓖ রাষ্ট্রপতি ⓖ প্রধান বিচারপতি

**১৫. রাষ্ট্রের মুখ্য কার্যাবলি হলো –**
i. আইন প্রণয়ন ii. আইনের শাসন iii. ন্যায় বিচার নিশ্চিত করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii ⓖ i ও ii ⓖ i, ii ও iii

**১৬. আওয়ামী মুসলিম লীগ কত সালে গঠিত হয়?**
ⓚ ১৯৪৭ ⓚ ১৯৪৯ ⓖ ১৯৫১ ⓖ ১৯৫৪

**১৭. পাকিস্তানের মোট জনসংখ্যার শতকরা কত ভাগ বাঙালি ছিল?**
ⓚ ৫৪% ⓚ ৫৫% ⓖ ৫৬% ⓖ ৫৭%

**১৮. যুক্তফ্রন্ট সরকারকে বরখাস্ত করেন কে?**
ⓚ ইস্কান্দার মীর্জা ⓚ গোলাম মোহাম্মদ ⓖ নুরুল আমীন ⓖ লিয়াকত আলী

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
'A' রাষ্ট্রের প্রাদেশিক নির্বাচনের পূর্বে শাসক দলকে পরাজিত করার জন্য কয়েকটি সমমনা দল মিলে জোট গঠন করে। নির্বাচনে উক্ত জোট নিরঙ্কুশ বিজয় লাভ করে এবং শাসকদল মাত্র ৯টি আসন লাভ করে।

**১৯. উদ্দীপকে নির্দেশিত নির্বাচনটি কত সালে অনুষ্ঠিত হয়?**
ⓚ ১৯৫৪ ⓚ ১৯৫৮ ⓖ ১৯৬৪ ⓖ ১৯৭০

**২০. উদ্দীপকের নির্বাচনে প্রমাণিত হয় –**
i. জনগণই সকল ক্ষমতার উৎস ii. ঐক্য জয়ী হতে সাহায্য করে
iii. ভোটাররা নৃশংসতাকে ভয় পায়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**২১. ছয় দফা দাবিতে কোনটি উল্লেখ করা হয়েছিল?**
ⓚ স্বাধীনতা ⓚ অধিকার ⓖ পরিচয় ⓖ চেতনা

**২২. ১৯৬৫ সালের যুদ্ধ কতদিন স্থায়ী ছিল?**
ⓚ ১৫ দিন ⓚ ১৬ দিন ⓖ ১৭ দিন ⓖ ১৮ দিন

**২৩. পাকিস্তানে প্রথম সামরিক আইন জারি করেন কে?**
ⓚ ইস্কান্দার মীর্জা ⓚ আইয়ুব খান
ⓖ গোলাম মোহাম্মদ ⓖ লিয়াকত আলী

**২৪. কোন অর্থনীতি 'নিয়ন্ত্রণমূলক অর্থনীতি' নামে পরিচিত?**
ⓚ ধনতান্ত্রিক ⓚ সমাজতান্ত্রিক
ⓖ মিশ্র অর্থনীতি ⓖ ইসলামি অর্থনীতি

**২৫. সম্পদ কয় ধরনের?**
ⓚ ২ ⓚ ৩ ⓖ ৪ ⓖ ৫

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
একটি দেশের GNP হলো ১০০ কোটি মার্কিন ডলার এবং মোট জনসংখ্যা ২০ হাজার।

**২৬. উক্ত দেশের মাথাপিছু আয় কত?**
ⓚ ৩০০০০ মার্কিন ডলার ⓚ ৪০০০০ মার্কিন ডলার
ⓖ ৫০০০০ মার্কিন ডলার ⓖ ৬০০০০ মার্কিন ডলার

**২৭. এটি একটি –**
i. উন্নত দেশ ii. অনুন্নত দেশ iii. উন্নয়নশীল দেশ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii ⓖ i ও ii ⓖ ii ও iii

**২৮. একজন দোকানদার প্রতিটি পণ্যের মূল্যের সাথে কর হিসেবে অতিরিক্ত টাকা নেয়। এটা কোন ধরনের কর?**
ⓚ আয়কর ⓚ ভ্যাট ⓖ বাণিজ্য শুল্ক ⓖ আবগারি শুল্ক

**২৯. WHO সংস্থাটির সাথে সম্পর্কিত –**
ⓚ কৃষি ⓚ শিক্ষা ⓖ সংস্কৃতি ⓖ স্বাস্থ্য

**৩০. বাংলাদেশে কত সালে শ্রম আইন চালু হয়?**
ⓚ ২০০৪ ⓚ ২০০৫ ⓖ ২০০৬ ⓖ ২০০৭

■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# হলি ক্রস উচ্চ বালিকা বিদ্যালয়, ঢাকা

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** **বিষয় কোড : | 1 | 5 | 0 |**

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট **(সৃজনশীল)** পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.

| ঘটনার সাল | ঘটনা |
|---|---|
| ১৯৫২ | (চ) ভাষা আন্দোলন |
| ১৯৫৪ | (ছ) ২১ দফা |
| ১৯৬৬ | (জ) |
| ১৯৬৯ | (ঝ) |

ক. 'কবর' নাটকের রচয়িতা কে? ১
খ. আমরা আমাদের ভাষার প্রতি শ্রদ্ধাশীল হব কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের (জ) চিহ্নিত স্থানে যে ঐতিহাসিক ঘটনাটির নির্দেশ রয়েছে সে ঘটনার পটভূমি ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের 'ঝ' স্থানে চিহ্নিত ঐতিহাসিক ঘটনাটি আমাদের স্বাধীনতা আন্দোলনকে প্রভাবিত করেছে।"- উক্তিটি বিশ্লেষণ করো। ৪

২. ঘটনা-১: অপুর বাবা ১৯৭১ সালে বিশ্ববিদ্যালয়ে পড়তেন। মুক্তিযুদ্ধ শুরু হলে অপুর বাবা ও তার বন্ধুরা মুক্তিযুদ্ধে অংশ নেন।
ঘটনা-২: তুলি তার দাদুর কাছ থেকে শুনেছে মুক্তিযুদ্ধের সময় তিনি পার্শ্ববর্তী একটি দেশ থেকে প্রশিক্ষণ নিয়ে যুদ্ধ করেন। তিনি বলেন আমাদের অনেক বিদেশি বন্ধুরা আমাদের মহান মুক্তিযুদ্ধে সহায়তা করেছেন।
ক. গণপরিষদের প্রথম অধিবেশন বসে কবে? ১
খ. 'দ্বিতীয় বিপ্লব' কর্মসূচি কী? ব্যাখ্যা করো। ২
গ. মুক্তিযুদ্ধে অপুর বাবার মত ব্যক্তিদের ভূমিকা ব্যাখ্যা করো। ৩
ঘ. ঘটনা: ২ এ তুলির দাদুর বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৩. দৃশ্যকল্প-১: তিথি প্রায়ই সন্ধ্যার পর পশ্চিম আকাশে একটি তারা লক্ষ করে। খুব ভোরে যখন সে উঠে তখন ঐ তারাটিকে আবার পূর্ব আকাশে দেখতে পায়।
দৃশ্যকল্প-২: তমাল নবম শ্রেণির দিবা শাখার ছাত্র। জুলাই মাসে যখন বিদ্যালয় ছুটি হয় তখন বাড়িতে ফিরে খেলার জন্য যথেষ্ট সময় পায়। কিন্তু ডিসেম্বরের দিকে স্কুল শেষে বাড়ি ফিরতেই সন্ধ্যা হয়ে যায়।
ক. অক্ষরেখা কাকে বলে? ১
খ. প্রমাণ সময় নির্ণয় করার কারণ ব্যাখ্যা করো। ২
গ. দৃশ্যকল্প-১: এ তিথির দেখা তারাটির বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ বর্ণিত সূর্য অস্ত যাওয়ার সময়ের ভিন্নতার কারণ বিশ্লেষণ করো। ৪

৪. দৃশ্যকল্প-১: তপু ও তার বন্ধুরা মিলে কুয়াকাটা সমুদ্র সৈকতে যায়। সারা বিকেল সমুদ্র সৈকতে কাটিয়ে সন্ধ্যার পর যখন তারা রেস্টহাউজে গল্প করছিল তখন তারা দেখল সমুদ্রের পানি সমুদ্রের তীর পর্যন্ত চলে এসেছে। তার বন্ধু রিপন বলল প্রতিদিনই দুইবার এরূপ ঘটনা ঘটে।
দৃশ্যকল্প-২: মিতুর বড় ভাইয়া অমিত ইংল্যান্ডে থাকে। গতকাল ভাইয়া যখন ফোন করে তখন ভাইয়ার ঘড়িতে দুপুর ১২টা বাজে। আর মিতু তখন এখানে সন্ধ্যায় পড়ার টেবিলে পরের দিনের স্কুলের পড়া তৈরিতে ব্যস্ত।
ক. ছায়াবৃত্ত কাকে বলে? ১
খ. মঙ্গল গ্রহে প্রাণীর অস্তিত্ব থাকা সম্ভব নয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. দৃশ্যকল্প-১ এ সমুদ্র সৈকতে প্রতিদিনই দুইবার এরূপ ঘটনা কেন ঘটে? ব্যাখ্যা করে। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ বর্ণিত দুটি স্থানের মধ্যে সময়ের পার্থক্য হওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

৫. মিলিরা খুলনায় থাকে। তারা নদীপথে তার মামার বাড়ি বরিশাল বেড়াতে যাবে। সে ভাবল নদী পথে যেতে যেতে কত মনোরম দৃশ্য দেখতে পাবে। মিলির মতে এদেশে নদীগুলো দেশের অর্থনৈতিক ক্ষেত্রেও অনেক ভূমিকা রেখেছে।
ক. প্রাকৃতিক সম্পদ কাকে বলে? ১
খ. পানি অত্যন্ত মূল্যবান সম্পদ কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের মিলিরা কোন নদীর গতিপথ ব্যবহার করবে সে নদীর গতিপথ ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের মিলির মতামতের সাথে তুমি কি একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬.

| রাষ্ট্রের উপাদান | |
|---|---|
| A জনসমষ্টি | প্রাথমিক উপাদান |
| B নির্দিষ্ট ভূখণ্ড | অপরিহার্য উপাদান |
| C | রাষ্ট্রের ক্ষমতা পরিচালনার উপাদান |
| D | মুখ্য উপাদান |

ক. প্রথা কাকে বলে? ১
খ. সুশাসনের জন্য আইন গুরুত্বপূর্ণ কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ছকের 'D' চিহ্নিত স্থানের রাষ্ট্রের উপাদানটির গুরুত্ব ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ছকের 'C' চিহ্নিত উপাদানটি সুশাসন ও দুর্নীতিমুক্ত সমাজ প্রতিষ্ঠায় বলিষ্ঠ অবদান রাখতে পারে।"- উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৭. শহর এলাকার স্থানীয়
→ P সংস্থা, সংখ্যা : ৩৩০টি
→ Q সংস্থা, সংখ্যা : ১২টি

ক. বিচার বিভাগ কাকে বলে? ১
খ. জেলা প্রশাসককে জেলা প্রশাসনের মধ্যমণি বলার কারণ ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের P স্থানে চিহ্নিত সংস্থাটির গঠন ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের উন্নয়নকল্পে P ও Q সংস্থাগুলোর অবদান মূল্যায়ন করো। ৪

৮. দৃশ্যকল্প-১: শহরে বসবাসরত হাসান সাহেব শৈশবে বন্ধুদের সাথে বাসার পাশের বড় মাঠটিতে খেলাধুলা করতেন। কিন্তু বর্তমানে সেই খেলার মাঠটি ভরাট করে অনেক দালান গড়ে উঠেছে। তাঁর এলাকার এই অবস্থা দেখে তিনি বিষন্ন হয়ে পড়েন।
দৃশ্যকল্প-২: চ' দেশে বর্তমানে বেশ উন্নতি করেছে। যারা ধনী তাদের জীবনযাত্রার মান আরও বৃদ্ধি পেয়েছে। কিন্তু যারা গরিব তাদের অবস্থা পূর্বের তুলনায় আরো খারাপ হয়েছে।
ক. টেকসই উন্নয়ন কাকে বলে? ১
খ. এসডিজি বাস্তবায়নের মাধ্যমে সমাজের সকল স্তরে নারী নির্যাতন হ্রাস পাবে কীভাবে? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের হাসান সাহেবের বিষণ্ণতা এসডিজি অর্জনের কোন চ্যালেঞ্জকে নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. দৃশ্যকল্প-২: এ প্রতিফলিত এসডিজি অর্জনের চ্যালেঞ্জটি মোকাবিলায় করণীয়সমূহ বিশ্লেষণ করো। ৪

৯.

| ছক-ক | ছক-খ |
|---|---|
| i. বাড়ি ঘর | i. রাস্তাঘাট |
| ii. অর্থ সম্পদ | ii. সেতু |
| iii. গাড়ি | iii. হাসপাতাল |
| iv. অলংকার | iv. বিদ্যালয় |

ক. শ্রম কাকে বলে? ১
খ. অর্থনৈতিক ব্যবস্থা বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. ছক: ক ও ছক: খ তে উল্লিখিত সম্পদসমূহ কোন ধরনের সম্পদ? ব্যাখ্যা করো। ৩
ঘ. ক ও খ ছকে উল্লিখিত সম্পদগুলো সংরক্ষণের ক্ষেত্রে তোমার ভূমিকা বিশ্লেষণ করো। ৪

১০. রূপা সম্প্রতি জাপানে গিয়েছিলেন। সেখানে থাকাকালীন তিনি সেখানকার মানুষের সাথে তার নিজের দেশের মানুষের জীবন ধারা ও সামাজিক মূল্যবোধের অনেক পার্থক্য লক্ষ করেন। তিনি নিজে গ্রাম থেকে শহরে পড়াশোনা শেষ করে এখন ভাল চাকুরি করছেন। তবে তিনি মনে করেন গ্রামে তার বড় হয়ে উঠার পেছনে তার পরিবার, আত্মীয় স্বজন, পাড়া প্রতিবেশির অনেক প্রভাব এখনও আছে। তাঁর মতে, কোনো জাতির উন্নতির মূলেই রয়েছে উন্নত সামাজিক মূল্যবোধ।
ক. সামাজিকীকরণ কাকে বলে? ১
খ. মিথস্ক্রিয়া ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. রূপার বড় হয়ে উঠার ক্ষেত্রে সামাজিকীকরণে কোন প্রতিষ্ঠানটি বেশি কার্যকর ভূমিকা পালন করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের রূপার মতামতের যথার্থতা নিরূপণ করো। ৪

১১. ঘটনা-১: স্কুল পড়ুয়া অরূপের মা-বাবা দু'জনেই চাকরিজীবী। পাড়ার কিছু দুষ্ট ছেলেদের সাথে মিশে স্কুল ফাঁকি দিয়ে সে রাস্তার মোড়ে দাঁড়িয়ে আড্ডা দেয় ও নানা অন্যায় কাজ করে।
ঘটনা-২: বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র অমিত ছোট বেলা থেকেই টিউশনি করে তার লেখাপড়ার খরচ চালায়। কিছু টাকা বাড়িতেও পাঠায় ছোট দুইবোনের লেখাপড়ার জন্য। বর্গাচাষী বাবার বড় আশা তার ছেলে অমিত প্রতিষ্ঠিত হয়ে সংসারটাকে স্বচ্ছল করবে। কিন্তু একদিন টিউশনি শেষ করে বাসায় ফেরার পথে বাস দুর্ঘটনায় অমিত প্রাণ হারায়।
ক. AIDS এর পূর্ণাঙ্গ ইংরেজি রূপ লেখো। ১
খ. মাতৃকল্যাণ বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের অরূপের কর্মকাণ্ডে যে সামাজিক সমস্যাটি প্রতিফলিত হয়েছে সেটির কারণ ব্যাখ্যা করো। ৩
ঘ. 'ঘটনা-২: বর্ণিত সমস্যাটি অমিতদের পরিবারের মত পরিবারগুলোর ক্ষেত্রে পারিবারিক, আর্থ-সামাজিক ও মানবিক জীবনকেও দুর্বিষহ করে তোলে- বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৪

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** বিষয় কোড : | 1 | 5 | 0 |

সময় : ৩০ মিনিট **(বহুনির্বাচনি অভীক্ষা)** পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

১. **ঢাকায় ২১ ফেব্রুয়ারি ছাত্র হত্যার প্রতিবাদে প্রথম কবিতাটি রচনা করেন কে?**
ক মাহবুব-উল-আলম চৌধুরী খ আলাউদ্দিন আল আজাদ
গ শামসুর রহমান ঘ কাজী নজরুল ইসলাম

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :**
প্রতি বছর ডাঃ মিলন দিবস পালিত হয়। স্বৈরশাসন বিরোধী আন্দোলনের সময় গুলিবিদ্ধ হয়ে ডাঃ সামসুল আলম খান মিলন নিহত হন। ডাঃ মিলনের মৃত্যুর মধ্য দিয়ে তখনকার স্বৈরাচার বিরোধী আন্দোলনে নতুন গতি সঞ্চারিত হয়।

২. **ডাঃ মিলন কত তারিখে গুলিবিদ্ধ হন?**
ক ১৯৯০ সালের ১০ অক্টোবর খ ১৯৯০ সালের ২৭ নভেম্বর
গ ১৯৯০ সালের ৪ ডিসেম্বর ঘ ১৯৯০ সালের ২৭ ডিসেম্বর

৩. **ডাঃ মিলনের গুলিবিদ্ধ হয়ে মৃত্যুর কারণে –**
i. সংঘটিত হয় ৯০-এর গণঅভ্যুত্থান ii. সামরিক শাসনের অবসান
iii. বিচারপতি সাহাবুদ্দীনের হাতে ক্ষমতা হস্তান্তর
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৪. **বাংলাদেশ কত তারিখে জাতিসংঘের সদস্য পদ লাভ করে?**
ক ১৯৭৪ সালের ১৭ নভেম্বর খ ১৯৭৪ সালের ১৭ সেপ্টেম্বর
গ ১৯৭৩ সালের ১০ এপ্রিল ঘ ১৯৭৩ সালের ১০ আগস্ট

৫. **বাংলাদেশ কত সালে 'জাতিসংঘ শিশু অধিকার সনদ' সমর্থন করেছে?**
ক ১৯৮৯ খ ১৯৯০ গ ১৯৯১ ঘ ১৯৯২

৬. **দুর্নীতি উচ্ছেদ করা সম্ভব –**
i. ব্যাপক কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে ii. আইনের শাসন প্রতিষ্ঠা করে
iii. সামাজিক আন্দোলন গড়ে তুলে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৭. **সড়ক দুর্ঘটনায় পতিত ১৬-৫০ বছর বয়স্ক লোকের হার কত?**
ক ৩৭% খ ৩৮% গ ৩৯% ঘ ৪০%

৮. **জলবায়ু পরিবর্তনের প্রভাবে –**
i. কৃষিজ উৎপাদন ক্ষতিগ্রস্থ হচ্ছে ii. জলজ প্রাণিকুল হুমকির মধ্যে পড়ছে
iii. স্থলজ প্রাণিকুল বিলীন হয়ে যাচ্ছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৯. **ধনতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থার বৈশিষ্ট্য হলো –**
i. সর্বোচ্চ মুনাফা অর্জন করা ii. সর্বোচ্চ জনকল্যাণ নিশ্চিত করা
iii. উৎপাদনের অবাধ প্রতিযোগিতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

১০. **সম্পদের অপ্রাচুর্যতা বলতে কী বোঝায়?**
ক চাহিদার সীমাবদ্ধতা খ দ্রব্যের অভাব পূরণের ক্ষমতা
গ যোগানের সীমাবদ্ধতা ঘ জনগণের চাহিদার হার

১১. **প্রধান নির্বাচন কমিশনারকে কে নিয়োগ দান করেন?**
ক প্রধানমন্ত্রী খ রাষ্ট্রপতি গ হাইকোর্ট ঘ সুপ্রিমকোর্ট

১২. **সামাজিক অবকাঠামোর উপাদান হলো –**
i. স্বাস্থ্য ii. শিক্ষা iii. পরিবহন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

১৩. **সুশাসন প্রতিষ্ঠায় আইনের অনুশাসন গুরুত্বপূর্ণ কেন?**
i. নাগরিকগণ রাষ্ট্রীয় সুবিধা পায় বলে ii. সকলের অধিকার অক্ষুন্ন থাকার জন্য
iii. নাগরিকগণের স্বাধীনতা ভোগ করার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

১৪. **তথ্য কমিশন গঠনের ফলে –**
ক সবাই সব ধরনের তথ্য পাবে খ প্রশাসনিক স্বচ্ছতা বৃদ্ধি পাবে
গ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার বাড়বে
ঘ যে কোন সময় প্রয়োজনীয় তথ্য পাওয়া যাবে

১৫. **'নারীর চোখে বিশ্ব দেখুন' – ঘোষণাটি কততম নারী সম্মেলনে ছিল?**
ক দ্বিতীয় খ তৃতীয় গ চতুর্থ ঘ পঞ্চম

১৬. **একদিন সকালে রিয়া এফএম রেডিও শুনছিল। ঐদিন রেডিওতে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে অনুষ্ঠান প্রচার করা হচ্ছিল। উদ্দীপকে উল্লিখিত দিনটি কত তারিখ ছিল?**
ক ২১ ফেব্রুয়ারি খ ৮ মার্চ গ ১ মে ঘ ১৬ জুলাই

১৭. **গণতান্ত্রিক প্রতিষ্ঠানগুলো শক্তিশালী হলে কী ঘটবে?**
ক নৈরাজ্য হ্রাস পাবে খ অসমতা হ্রাস পাবে
গ রাজনৈতিক অস্থিরতা হ্রাস পাবে ঘ সাংস্কৃতিক উন্নয়ন ঘটবে

১৮. **কোন উৎস থেকে বাংলাদেশ সরকারের সর্বোচ্চ রাজস্ব আয় হয়?**
ক আমদানি ও রপ্তানি শুল্ক খ আবগারি শুল্ক
গ মূল্য সংযোজন কর ঘ ভূমি রাজস্ব

১৯. **হস্তান্তরযোগ্যতা না থাকা সত্ত্বেও ব্যক্তির দক্ষতাকে কোন সম্পদ বলা হয়?**
ক দক্ষতার উপযোগিতা আছে খ সামাজিক স্বীকৃতি আছে
গ অর্থনৈতিক মূল্য আছে
ঘ ব্যক্তি তার দক্ষতাকে ব্যবহার করে সম্পদ সৃষ্টি করতে পারে

২০. **মানুষের জীবনযাত্রার মান বাড়বে কোন ক্ষেত্রে –**
ক মূল্যস্তর অপরিবর্তিত + মাথাপিছু আয় বৃদ্ধি
খ মাথাপিছু আয়বৃদ্ধি + মূল্যস্তরের উর্ধ্বগতি
গ জাতীয় আয় হ্রাস + মূল্যস্তরের উর্ধ্বগতি
ঘ মাথাপিছু আয়কম + মূল্যস্তর হ্রাস

২১. **অনুন্নত দেশে যে শিল্পের প্রাধান্য দেখা যায় –**
i. কুটির শিল্প ii. ভারি শিল্প iii. ক্ষুদ্র শিল্প
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

২২. **শহরে সড়ক দুর্ঘটনার অন্যতম কারণ হলো –**
ক অদক্ষ চালক খ প্রচুর গাড়ি গ সংকীর্ণ রাস্তা ঘ অতিরিক্ত জ্যাম

২৩. **১° কৌণিক দূরত্ব অতিক্রম করতে পৃথিবীর কত মিনিট সময় লাগে।**
ক ১৪৪০ খ ১৪৮০ গ ১০৪০ ঘ ১৮৪০

২৪. **আন্তর্জাতিক তারিখ রেখা কোন দুইটি মহাদেশের মধ্যে অবস্থিত?**
ক এশিয়া ও ইউরোপ খ আমেরিকা ও ইউরোপ
গ এশিয়া ও আমেরিকা ঘ আফ্রিকা ও এশিয়া


☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও :**
বাংলাদেশ দক্ষিণ পূর্ব এশিয়ার একটি দেশ। ২১-জুন তারিখে দেশটির একটি বিশেষ অক্ষরেখায় সূর্যকিরণ লম্বভাবে (৯০° কোণে) পড়ে।

২৫. **উদ্দীপকে বাংলাদেশের উপর দিয়ে অতিক্রান্ত বিশেষ অক্ষরেখা কোনটি?**
ক কর্কটক্রান্তি খ মকরক্রান্তি গ বিষুবরেখা ঘ মেরুরেখা

২৬. **দেশটির মধ্যদিয়ে অতিক্রান্ত দ্রাঘিমা রেখা গুলো হলো –**
i. ৯০° পূর্ব ii. ৮০° পূর্ব iii. ৯২° পূর্ব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

২৭. **বাংলাদেশের প্রধান সমুদ্র বন্দর কোন নদীর তীরে অবস্থিত?**
ক পশুর খ কর্ণফুলী গ সাঙ্গু ঘ মাতামুহুরী

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**



২৮. **মানচিত্রে ছায়াপথকৃত অংশ কোন বনভূমিকে নির্দেশ করছে?**
ক শালবন খ চিরহরিৎ বনভূমি
গ স্রোতজ বনভূমি ঘ পত্রপতনশীল বনভূমি

২৯. **নির্দেশিত বনভূমির উল্লেখযোগ্য বৃক্ষ হলো –**
i. মেহগনি ও জারুল ii. শিরীষ ও হরীতকী iii. চাপলিশ ও তেলসুর
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৩০. **আইয়ুব খানের 'মৌলিক গণতন্ত্র' ব্যবস্থার লক্ষ্য কী ছিল?**
ক গণতন্ত্র প্রতিষ্ঠা করা খ দুর্নীতি দূর করা
গ শাসন ক্ষমতার বিকেন্দ্রীকরণ ঘ সামরিক শাসন দীর্ঘস্থায়ী করণ

■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |


# ময়মনসিংহ জিলা স্কুল

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** **বিষয় কোড :** | 1 | 5 | 0 |

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট **(সৃজনশীল)** পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]


১. ঘটনা-১ : আসামি-৩৫ জন।
ঘটনা-২ : শহিদ-আসাদুজ্জামান / ড. শামসুজ্জোহা।
ক. ১৯৭০ সালের নির্বাচনে পূর্ব পাকিস্তানে ভোটার সংখ্যা ছিল কত? ১
খ. ৭ মার্চ ভাষণের মূল বক্তব্য কী ছিল? ব্যাখ্যা করো। ২
গ. ঘটনা-১ এ কোন ঘটনার ইঙ্গিত দেওয়া হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ঘটনা-২ এ নির্দেশিত বিষয়টির ঐতিহাসিক প্রভাব ব্যাখ্যা করো। ৪

২.



ক. প্রশাসনিক ব্যয় নির্বাহে অর্থ মঞ্জুর করেন কে? ১
খ. স্থানীয় প্রশাসন বলতে কী বুঝ? ব্যাখ্যা করো। ২
গ. '?' স্থানে কোন বিভাগ হবে? ব্যাখ্যা করো। ৩
ঘ. '?' চিহ্নিত বিভাগটি শাসন বিভাগকে কীভাবে নিয়ন্ত্রণ করে? বিশ্লেষণ করো। ৪

৩. আফ্রিকার বিভিন্ন দেশ গৃহ বিবাদে লিপ্ত থাকত। এ অবস্থা নিরসনে একটি আন্তর্জাতিক সংস্থা এগিয়ে আসে। সংস্থাটি বিশ্বশান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করে। উক্ত সংস্থার অধীনে কাজ করে বাংলাদেশও পেয়েছে বিশেষ মর্যাদা।
ক. জাতিসংঘ 'ভেটো' প্রদানকারী রাষ্ট্র কয়টি? ১
খ. সিডও সনদ কী? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত সংস্থাটি সৃষ্টির পটভূমি ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের শেষ বক্তব্যের যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৪. কিশোরগঞ্জের শোলাকিয়ায় জঙ্গি হামলার সময় পুলিশের সঙ্গে সংঘর্ষে নিহত নর্থ- সাউথ বিশ্ববিদ্যালয়ের বিবিএ শেষ বর্ষের শিক্ষার্থী আবির রহমানের (২৩) মরদেহ নিতে রাজি হয়নি তার পরিবার। পুলিশ আবিরের বাবা সিরাজুল ইসলামের বরাত দিয়ে জানায় তার বাবা বলেছে, "যে ছেলে জঙ্গি হয়েছে সে ছেলের মরদেহ আমরা নেব না। জঙ্গি ছেলের সাথে আমাদের কোন সম্পর্ক নেই।" (সূত্র: প্রথম আলো, ১১ জুলাই, ২০১৭)
ক. সামাজিক বিশৃঙ্খলার চরম রূপ কী? ১
খ. নারীর প্রতি সহিংসতার ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত সামাজিক সমস্যার কারণ ব্যাখ্যা করো। ৩
ঘ. 'বাংলাদেশের মানুষ ধর্মীয় উগ্রবাদীতাকে সমর্থন করে না বলে এদেশে ধর্মীয় উগ্রবাদীতা মাথাচড়া দিয়ে উঠতে পারছে না- উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৫.


ক. মাথাপিছু আয় নির্ণয়ের সূত্রটি লেখো। ১
খ. আবগারি শুল্ক ব্যাখ্যা করো। ২
গ. উন্নয়নের মাত্রার ভিত্তিতে B দেশটিকে আমরা কোন পর্যায়ের অন্তর্ভুক্ত করতে পারি? ব্যাখ্যা করো। ৩
ঘ. চিত্রে C দেশটি নিজেদের মৌলিক চাহিদা পূরণ এবং অধিকতর উন্নয়ন কর্মকাণ্ড সম্পন্ন করার পরও A ও B দেশকে সহযোগীতা করতে পারে।– বিশ্লেষণ করো। ৪


৬.


ক. মূল মধ্যরেখা কাকে বলে? ১
খ. সূর্যের নিকটতম গ্রহের বর্ণনা দাও। ২
গ. উদ্দীপকে ক ও খ স্থানে সৃষ্ট জোয়ারের কারণসমূহ বর্ণনা করো। ৩
ঘ. উদ্দীপকের ঘটনাটি মানবজীবনে কী ধরনের প্রভাব ফেলে তা বিশ্লেষণ করো। ৪

৭. **দৃশ্যকল্প-১ :** মি X একজন ব্যবসায়ী। কিন্তু সন্ত্রাসী তার নিকট চাঁদা দাবি করে। ৯৯৯ ফোন দিয়ে সাহায্য চাইলে তাৎক্ষণিক পুলিশ আসে এবং সন্ত্রাসীরা পালিয়ে যায়।
**দৃশকল্প-২ :** Y সিটি কর্পোরেশনের একজন কাউন্সিলর। সে তার এলাকায় বয়স্কভাতা কার্ড, গর্ভবতী মায়েদের সাহায্য ভাতা কার্ড, টিসিবি কার্ড ইত্যাদি বিতরণ করেন। ময়লা ব্যবস্থাপনা, আধুনিক ড্রেনেজ সিস্টেম ইত্যাদির উন্নয়ন কাজও তার ওয়ার্ডে চলমান। তার এলাকার বাসিন্দারা নিয়মিত সিটি কর পরিশোধ করে।
ক. ব্রিটেনের আইন সভার নাম লিখ? ১
খ. 'রাষ্ট্রপতির বিশেষ ক্ষমতা' ব্যাখ্যা করো। ২
গ. দৃশ্যকল্প-১ এ রাষ্ট্রের কোন ধরনের কাজের নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "দৃশ্যকল্প-২ এ যে দুইটি বিষয় নির্দেশ করা হয়েছে তারা একে অপরের উপর নির্ভরশীল"– উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৮. লাবণ্য পিতামাতার একমাত্র সন্তান। সে সবসময় নিজের রুমে কম্পিউটার, ভিডিও গেম নিয়ে সময় কাটায়। প্রভা গ্রামে চাচা-ফুফু, দাদা-দাদি সবার সাথে মিলে মিশে থাকে। সে চাচাত ভাই-বোনদের সাথে মজা করে খেলাধুলা করে সময় কাটায়।
ক. বর্ধিত পরিবার কাকে বলে? ১
খ. পরিবারকে আয়ের একক বলা হয় কেন? ২
গ. আকারের ভিত্তিতে উদ্দীপকে উল্লিখিত দুটি পরিবারের ধরন ব্যাখ্যা করো। ৩
ঘ. "লাবণ্য ও প্রভার সামাজিকীকরণে ভিন্নতা রয়েছে"- উক্তিটি মূল্যায়ন করো। ৪

৯. M এর বাবা একজন বীর মুক্তিযোদ্ধা। তিনি যুদ্ধের সময় অল্পের জন্য বেঁচে যান। একটা দেশ স্বাধীন হবার পর প্রতিষ্ঠাতা রাষ্ট্রপতি যুদ্ধ বিধ্বস্ত দেশ পুনর্গঠনের কার্যক্রম শুরু করেন। তিনি বকেয়া সুদসহ কৃষি জমির খাজনা মওকুফ করে দেন। এজন্য তিনি নতুন এক ব্যবস্থার প্রবর্তন করেন।
ক. মুক্তিযুদ্ধকালীন চরমপত্র কী? ১
খ. পাকিস্তান সরকার কেন আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার করতে বাধ্য হয়? ২
গ. উদ্দীপকের ২য় অংশে কোন ব্যবস্থা প্রবর্তনের কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'স্বাধীনতা অর্জন ত্বরান্বিত করার জন্য M এর বাবার মতো অনেকের ভূমিকাই তাৎপর্যপূর্ণ'- উক্তিটি বিশ্লেষণ করো। ৪

১০.


ক. প্রবৃদ্ধির হার কী? ১
খ. মাথাপিছু আয় বৃদ্ধি কীভাবে দারিদ্র্য দূর করে? ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'ক' রাষ্ট্রে কোন ধরনের অর্থ ব্যবস্থা বিদ্যমান? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ক ও খ রাষ্ট্রের অর্থনৈতিক ব্যবস্থার মধ্যে কোন অর্থনৈতিক ব্যবস্থাকে তুমি উত্তম বলে মনে কর? যুক্তি দেখাও।

১১.

| স্থান | দ্রাঘিমা রেখা | অক্ষ রেখা | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| A | ১৫° পশ্চিম | ৩০° উত্তর | ২১ জুন | ভোর ৪টা |
| B | ১১০° পূর্ব | ৩৫° দক্ষিণ | ২১ জুন | ? |

ক. সৌর কলঙ্ক কী? ১
খ. মঙ্গল গ্রহের রং লাল কেন? ২
গ. B স্থানের স্থানীয় মান নির্ণয় করো। ৩
ঘ. A ও B স্থানের তাপমাত্রার পার্থক্যের কারণ বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৫

# ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** **বিষয় কোড : 1 5 0**

সময় : ৩০ মিনিট **(বহুনির্বাচনি অভীক্ষা)** পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. বাংলাদেশে বেশি ভূমিকম্প হওয়ার কারণ কী?**
i. ইন্দো-ইউরোপীয় প্লেট এর কাছাকাছি
ii. আগ্নেয়গিরির অগ্ন্যুৎপাত এবং সুনামি iii. ভূমির নিচে চ্যুতি রয়েছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**২. নির্বাচন কমিশনের কাজ হচ্ছে –**
i. সংসদীয় এলাকার সীমানা চিহ্নিতকরণ
ii. জাতীয় নিরাপত্তা নিশ্চিত করা iii. মনোনয়নপত্র বাছাই করা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
জয়নাল বিদেশ থেকে ফেরার ৮/৯ মাস পরে দুর্বল হয়ে পড়ে। জ্বর, ডায়রিয়া, শুকনা কাশি, শ্বাসকষ্ট ও হাতের নিচে ব্যাথায় ভোগে। ডাক্তার তাকে পুষ্টিকর খাবার এবং পর্যাপ্ত বিশ্রাম নিতে পরামর্শ প্রদান করে।

**৩. জয়নাল কোন ধরনের সমস্যায় পতিত হয়েছে বলে তুমি মনে কর?**
ক সংক্রামক রোগ খ ধ্বংসাত্মক ব্যাধি
গ সড়ক দুর্ঘটনা ঘ মানসিক সমস্যা

**৪. জয়নালের মতো সমস্যা থেকে মুক্ত থাকতে আমাদের করতে হবে –**
i. ধর্মীয়-বিধি-নিষেধ মেনে চলতে হবে
ii. আমাদের সবাইকে সচেতন থাকতে হবে
iii. সামাজিক রীতিনীতি মেনে চলতে হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৫. 'খ' দেশের মোট মাথাপিছু আয় ১৩৪০ মার্কিন ডলার। আয়ের দৃষ্টিকোণ অনুসারে এই দেশটি কোন ধরনের?**
ক নিম্ন আয় খ নিম্ন মধ্যম আয় গ উচ্চ মধ্যম আয় ঘ উচ্চ আয়

**৬. সংবিধানের কততম সংশোধনীর মাধ্যমে ইনডেমনিটি অধ্যাদেশকে আইনসম্মত করা হয়েছে?**
ক ৪র্থ খ ৫ম গ ৬ষ্ঠ ঘ ৭ম

**৭. ধনতান্ত্রিক অর্থব্যবস্থার বৈশিষ্ট্য হলো –**
i. সর্বোচ্চ মুনাফা অর্জন ii. জনগণের সর্বোচ্চ কল্যাণ সাধন
iii. উৎপাদনের মুক্ত প্রতিযোগিতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৮. কারাগারের অভ্যন্তরে ড. মুনীর চৌধুরী লেখেন –**
ক বহুব্রীহি খ কবর গ আরেক ফাল্গুন ঘ স্মৃতির মিনার

**৯. কত সালের মধ্যে এসডিজি বাস্তবায়িত হবে?**
ক ২০২৫ খ ২০২৬ গ ২০৩০ ঘ ২০৪১

**১০. নববিবাহিত দম্পতি যখন স্বামীর বাবার বাড়িতে বসবাস করে তখন এই পরিবারকে কী নামে অভিহিত করা হয়?**
ক পিতৃতান্ত্রিক খ মাতৃতান্ত্রিক গ পিতৃবাস ঘ মাতৃবাস

**১১. নারীর প্রতি সকল প্রকার বৈষম্য দূরীকরণে কোন কনভেনশনটি কাজ করছে?**
ক UNICEF খ UNIFEM গ INFPA ঘ CEDAW

**১২. নির্বাচন কমিশনের মেয়াদ কতদিন?**
ক ৩ বছর খ ৪ বছর গ ৫ বছর ঘ ১০ বছর

**১৩. কী শক্তির দ্বারা আকৃষ্ট হয়ে সকল গ্রহ সূর্যের চারদিকে পরিক্রমণ করে?**
ক স্বয়ংক্রিয় শক্তি খ হিলিয়াম গ্যাস গ সৌর শক্তি ঘ মহাকর্ষণ শক্তি

**১৪. বুধ গ্রহ –**
i. সূর্য এর ২য় নিকটতম গ্রহ ii. ৮৮ দিনে সূর্যকে পরিক্রমণ করে
iii. কোনো উপগ্রহ নেই
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১৫. সুস্মিতা তার বন্ধুর সাথে দুর্গাপূজা দেখতে গেলো। সুস্মিতার কাছে সামাজিক পরিবর্তনের কোন উপাদানের প্রভাব পরিলক্ষিত হয়?**
ক জৈবিক খ সাংস্কৃতিক গ যোগাযোগ ঘ প্রাকৃতিক

**১৬. বায়ুমণ্ডলের ওজোন স্তরের গভীরতা কত কি.মি.?**
ক ১-৪ খ ৫-৬ গ ৯-১১ ঘ ১২-১৬

**১৭. পৃথিবীর সর্বত্র দিবা-রাত্রি সমান থাকে যে মাসে –**
i. মার্চ ii. জুন iii. সেপ্টেম্বর
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১৮. পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচন কত সালে অনুষ্ঠিত হয়?**
ক ১৯৫৪ খ ১৯৬৫ গ ১৯৬৯ ঘ ১৯৭০

**১৯. বিশেষ বিশেষ সময়ে আরোপিত এবং জনগণের নিকট থেকে আদায়কৃত বিশেষ ধরনের রাজস্বকে কী বলে?**
ক লিজ খ টোল গ লেভি ঘ ফি

**২০. মঙ্গল গ্রহের বায়ুমণ্ডলে নাইট্রোজেনের পরিমাণ কত?**
ক ২% খ ৩% গ ৪% ঘ ৫%

**২১. গরান বনভূমির বৈশিষ্ট্য কী?**
i. লবণাক্ত মাটিতে জন্মায় ii. সুন্দরবনে জন্মায়
iii. সর্বত্র দেখা যায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব অমিত জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা। তিনি বাধ্যতামূলক এবং স্বেচ্ছাসেবামূলক দুই ধরনের কাজের সাথে যুক্ত।

**২২. জনাব অমিতের পদবি কী?**
ক মেয়র খ চেয়ারম্যান গ ডি.সি ঘ কাউন্সিলর

**২৩. জনাব অমিতের স্বেচ্ছাসেবামূলক কাজগুলো হচ্ছে?**
i. লাইসেন্স প্রদান ii. সমাজকল্যাণ iii. অর্থনৈতিক উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**২৪. কোন ব্যাংক নিকাশ ঘর হিসেবে কাজ করে?**
ক সোনালী ব্যাংক খ জনতা ব্যাংক গ বাণিজ্যিক ব্যাংক ঘ কেন্দ্রীয় ব্যাংক

**২৫. শিশু ও নারীর প্রতি নির্যাতনের প্রধান কারণ কী?**
ক ধর্মীয় জ্ঞানের অভাব খ নারীর সচেতনতার অভাব
গ নৈতিক শিক্ষার অভাব ঘ পিতা-মাতার আচরণের বৈষম্য

**২৬. দরিদ্র পুরুষ নারীদের বিনা জামানতে ব্যাংকিং সুবিধা প্রদান করে কোন ব্যাংক?**
ক কৃষি ব্যাংক খ গ্রামীণ ব্যাংক গ বাণিজ্যিক ব্যাংক ঘ কেন্দ্রীয় ব্যাংক

**২৭. ১৯৫২ সালের ফেব্রুয়ারি মাসে ১৪৪ ধারা জারি করার কারণ কী?**
i. মিছিল বন্ধ করার জন্য ii. সভা বন্ধ করার জন্য
iii. সাংস্কৃতিক কর্মকাণ্ড বন্ধ করার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**২৮. 'ক' দেশে থেকে ২৫ ডিগ্রি পূর্বে অবস্থিত 'খ' দেশ। 'খ' দেশের স্থানীয় সময় কত হবে যখন 'ক' দেশের স্থানীয় সময় ১১ টা?**
ক ১২ : ৪০ খ ৮ : ২০ গ ১০ : ৪০ ঘ ৯ : ২০

**২৯. উপজেলা ব্যবস্থা কত সালে প্রবর্তিত হয়?**
ক ১৯৮৩ খ ১৯৮৫ গ ২০০৭ ঘ ২০০৯

**৩০. ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের বিস্তৃত প্রভাব হচ্ছে –**
i. আগরতলা মামলা তুলে নেয়া
ii. ১৯৭০ এর নির্বাচন iii. ১৯৭১ এর মুক্তিযুদ্ধ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# বগুড়া জিলা স্কুল

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** **বিষয় কোড :** | 1 | 5 | 0 |

**(সৃজনশীল)**

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ফেব্রুয়ারি মাসে একটি অনুষ্ঠানে বক্তাদের বক্তব্যের মধ্যে বাংলা ও ইংরেজির মিশ্রণ লক্ষ করে নাবিল খুবই মর্মাহত হয়। প্রতিবাদ স্বরূপ সে বাংলা একাডেমি মহাপরিচালকের কাছে একটি প্রতিবাদ পত্র পাঠায়। নাবিল মহাপরিচালকের কাছে আবেদন করে, অন্তত ফেব্রুয়ারি মাসে যেন শুদ্ধ বাংলায় বক্তারা তাদের বক্তব্য উপস্থাপন করেন এই সচেতনতা সৃষ্টির উদ্যোগ নিতে। জবাবে মহাপরিচালক জানালেন, তোমাদের মতো সে সময় বাঙালিদের মধ্যে এ ধরনের চেতনা ছিল বলেই আজ আমরা স্বাধীন জাতি।

ক. কত সালে পাকিস্তানে গণঅভ্যুত্থান ঘটেছিল? ১
খ. দ্বি-জাতি তত্ত্বের ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. নাবিলের প্রতিবাদ লিপিতে পাকিস্তান আমলের কোন আন্দোলনের প্রভাব রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. নাবিলের চিঠির প্রতিক্রিয়ায় মহাপরিচালকের মন্তব্যটি মূল্যায়ন করো। ৪

২.

| | তারিখ | সংকেত |
|---|---|---|
| ড. কামাল হোসেন | ১১ জানুয়ারি ১৯৭২ | ধর্মনিরপেক্ষতা |
| | ১০ এপ্রিল ১৯৭২ | |
| | ১৬ ডিসেম্বর ১৯৭২ | |

ক. মুক্তিযুদ্ধের পক্ষে বহির্বিশ্বে প্রচারের প্রধান কেন্দ্র কোনটি ছিল? ১
খ. মৌলিক গণতন্ত্র কী? ব্যাখ্যা করো। ২
গ. ছকে কোন ঘটনার বর্ণনা দেওয়া হয়েছে? আলোচনা করো। ৩
ঘ. "ছকে যে বিষয়টি ইঙ্গিতকৃত সে বিষয়টির মাধ্যমে বাংলাদেশের উদ্দেশ্য, আদর্শ ও লক্ষ্য প্রতিফলিত হয়" বিশ্লেষণ করো। ৪

৩. জনাব কাসেম পরিবার নিয়ে কুমিল্লা থাকেন। তিনি জানতে পারলেন তার বসবাসকৃত এলাকা মোট ভূমির সবচেয়ে কম অংশ জুড়ে অবস্থিত। সে তার পরিবারের সবাইকে নিয়ে নওগাঁর পাহাড়পুরে বেড়াতে যান। তার ছেলে কুমিল্লা জিলা স্কুলের দশম শ্রেণির শিক্ষার্থী সিয়াম সেখানকার লাল মাটি দেখে মুগ্ধ হয়।

ক. প্লাইস্টোসিন কাল কী? ১
খ. সিসমিক রিস্ক জোন কী? ব্যাখ্যা করো। ২
গ. জনাব কাসেমের বসবাসকৃত স্থান কোন ভূপ্রাকৃতিক অঞ্চলকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব কাসেমের বসবাসকৃত এলাকা ও বেড়াতে যাওয়ার স্থান দুটির মধ্যে কৃষি উৎপাদনের ক্ষেত্রে কোনো ভিন্নতা আছে কি? মতামত দাও। ৪

৪. ১ম বন; তেলসুর, চাপালিশ, ময়না ইত্যাদি।
২য় বন: গরান, ধুন্দল, সুন্দরী ইত্যাদি।
৩য় বন: হিজল, গজারি, শাল ইত্যাদি।

ক. মাতামুহুরি নদীর উৎপত্তি কোথায়? ১
খ. বাংলাদেশের নদীগুলো দক্ষিণ দিকে প্রবাহিত হয় কেন? ২
গ. বাংলাদেশের অর্থনীতিতে ২য় বনের গুরুত্ব আলোচনা করো। ৩
ঘ. মানচিত্র অঙ্কন করে ১ম ও ২য় বনের তুলনামূলক আলোচনা করো। ৪

৫. "A" রাষ্ট্রটি তার নিজস্ব ক্ষমতাবলে অভ্যন্তরীণ শান্তি-শৃঙ্খলা বজায় রাখার পাশাপাশি বিদেশি আক্রমণ থেকেও দেশকে রক্ষা করছে। অপরদিকে "B" রাষ্ট্রটি বিভিন্ন দেশের সাথে কূটনৈতিক সম্পর্ক স্থাপনে আন্তর্জাতিক অঙ্গনে অনেক সুনাম অর্জন করছে।

ক. নাগরিক স্বাধীনতার রক্ষাকবচ কী? ১
খ. আইনের ধারণা ব্যাখ্যা করো। ২
গ. "A" রাষ্ট্রটি কোন ক্ষমতাবলে উদ্দীপকে উল্লিখিত কাজগুলো সুষ্ঠুভাবে সম্পন্ন করছে? বিশ্লেষণ করো। ৩
ঘ. "B" রাষ্ট্রের উল্লিখিত কাজটি করলেই কি দেশের সার্বিক উন্নয়ন সম্ভব? মতামত দাও। ৪

৬. বাংলাদেশ ও বিশ্বপরিচয় ক্লাসে শিক্ষক ছাত্রদের কাছে জানতে চাইলেন তাদের কোন ধরনের সরকার ব্যবস্থা পছন্দ। উত্তরে ছাত্ররা সবাই এমন একটি সরকার ব্যবস্থার কথা বলল যা শুনে শিক্ষক খুশি হলেন। শিক্ষক ছাত্রদের বললেন তোমাদের পছন্দকৃত সরকার ব্যবস্থা বিশ্বব্যাপী গ্রহণযোগ্য হলেও তার কিছু দুর্বলতা আছে।

ক. আব্রাহাম লিংকন প্রদত্ত গণতন্ত্রের সংজ্ঞাটি লিখ। ১
খ. "গণতান্ত্রিক রাষ্ট্রে বিরোধী দলের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ-কথাটি বুঝিয়ে লিখ। ২
গ. উদ্দীপকে যে সরকারের কথা বলা হয়েছে তা পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৩
ঘ. শিক্ষকের শেষোক্ত কথাটি মূল্যায়ন করো। ৪

৭.

| | |
|---|---|
| ক | জাতির মুখপাত্র, রাষ্ট্রের সকল কাজের সমন্বয়কারী, প্রধান নির্বাহী |
| খ | পদমর্যাদায় সবার উপরে, নিয়মতান্ত্রিক প্রধান |

ক. ইউনিয়ন পরিষদের মোট কতজন সদস্য থাকে? ১
খ. বাংলাদেশের প্রশাসনিক কাঠামোর কেন্দ্রবিন্দু কোনটি? ব্যাখ্যা করো। ২
গ. রাষ্ট্রের সকল কাজের সমন্বয়কারী হিসেবে 'ক' ব্যক্তির ক্ষমতা বর্ণনা করো। ৩
ঘ. 'খ' দ্বারা 'ক' নিয়োগপ্রাপ্ত হলেও প্রজাতন্ত্রের সকল কাজ 'খ' ব্যক্তির নামেই পরিচালিত হয়। উক্তিটির যথার্থতা যাচাই করো। ৪

৮. দৃশ্যপট-১: একটি দেশ যেখানে উৎপাদনের সকল উপকরণ রাষ্ট্রীয় মালিকানাধীন। জনগণ ইচ্ছা করলেই ইচ্ছামত সম্পদ আহরণ করতে পারে না।
দৃশ্যপট-২: এমন একটি দেশ যেখানে জনগণ ইচ্ছামত উৎপাদন পরিকল্পনা ও সম্পদ আহরণে সরকারি কোনো হস্তক্ষেপ নেই।

ক. ভোগ কী? ১
খ. উপযোগ" ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. দৃশ্যপট-১ এর দেশটিতে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান? বিশ্লেষণ করো। ৩
ঘ. দৃশ্যপট-১ এর দেশের তুলনায় দৃশ্যপট-২ এর দেশটিতে অধিক পরিমাণ শ্রেণি বৈষম্য পরিলক্ষিত হয়-মূল্যায়ন করো। ৪

৯. জনাব শাহেদ বাংলাদেশ সেনাবাহিনীর একজন গর্বিত সদস্য। তিনি একটি আন্তর্জাতিক সংস্থার অধীনে কর্মরত যা আফ্রিকা মহাদেশের বিভিন্ন দেশে গৃহযুদ্ধ নিরসনে কাজ করে যাচ্ছে।

ক. কত সালে "বেইজিং প্লাস ফাইভ" সম্মেলন অনুষ্ঠিত হয়? ১
খ. ভেটো ক্ষমতা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত সংস্থার সৃষ্টির পটভূমি ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত সংস্থায় বাংলাদেশের অবদান বিশ্লেষণ করো। ৪

১০. সুবল দাস দরিদ্র্য দিনমজুর। তার তিন সন্তানকে স্কুলে পড়াশোনা করানোর মত অর্থনৈতিক সামর্থ তার নেই। পরিবারের জন্য টাকা উপার্জনের জন্য রহমত মিয়া তার ১১ বছরের ছেলে সূর্যকে টেম্পোর হেলপার হিসেবে কাজে পাঠায়। কিন্তু টেম্পোর মালিক তাকে দীর্ঘ সময় কাজ করিয়ে নিয়ে অল্প টাকা বেতন দেয়।

ক. সামাজিক নৈরাজ্য কী? ১
খ. সামাজিক মূল্যবোধের ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে কোন ধরনের সামাজিক সমস্যা নির্দেশ করা হয়েছে? বিশ্লেষণ করো। ৩
ঘ. তুমি কি মনে কর, জাতিসংঘ শিশুসনদ উদ্দীপকে চিহ্নিত সমস্যা প্রতিরোধে সক্ষম? যুক্তি দাও। ৪

১১. ২০২১ সালে 'ক' দেশে বসবাসরত জনগণের উৎপাদিত সকল দ্রব্য ও সেবা বাবদ মোট প্রাপ্ত অর্থ ১৩৫০ বিলিয়ন ইউএস ডলার। ঐ বছর দেশের অভ্যন্তরে কর্মরত বিভিন্ন দেশের নাগরিকদের প্রাপ্ত অর্থ ছিল ৩২০ ইউএস ডলার। দেশটিতে মোট ১২০০ মিলিয়ন জনসংখ্যার বসবাস হলেও ঐ বছর জনসংখ্যার একটি বৃহৎ অংশ বিভিন্ন দেশে কাজ করে ৯৫০ বিলিয়ন ইউএস ডলার দেশে প্রেরণ করে।

ক. প্রবৃদ্ধির হার কী? ১
খ. প্রতিকূল বৈদেশিক বাণিজ্য বলতে কী বোঝায়? ২
গ. ক দেশের মোট জাতীয় উৎপাদন নির্ণয় করো। ৩
ঘ. মাথাপিছু আয়ের ভিত্তিতে 'ক' দেশটি কোন প্রকৃতির? আলোচনা করো। ৪

মডেল টেস্ট- ০৬

# বিদ্যাময়ী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** **বিষয় কোড : 1 5 0**

সময় : ৩০ মিনিট **(বহুনির্বাচনি অভীক্ষা)** পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

১. **'অপারেশন সার্চলাইট' এর নীলনক্সা তৈরি করা হয় কত তারিখে?**
ক ১৫ মার্চ খ ১৬ মার্চ গ ১৭ মার্চ ঘ ১৮ মার্চ

২. **শেখ মুজিবুর রহমানকে কখন 'বঙ্গবন্ধু' উপাধি দেওয়া হয়?**
ক ১৯৬৮ সালের ২২ ফেব্রুয়ারি খ ১৯৬৮ সালের ২৩ ফেব্রুয়ারি
গ ১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি ঘ ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি

৩. **১৯৬৬ সালে পাকিস্তান প্রশাসনের চিত্রে শিক্ষাখাতে কত শতাংশ বাঙালি নিযুক্ত ছিল?**
ক ২৩% খ ২৭.৩% গ ৩৫% ঘ ৩৭.১%

৪. **'রাষ্ট্র কর্তৃক আরোপিত অধিকার এবং বাধ্যবাধকতাসমূহ আইন' – কার উক্তি?**
ক অধ্যাপক হল্যান্ড খ উড্রো উইলসন
গ অধ্যাপক ফাইনার ঘ টি.এইচ.গ্রীন

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব রফিক আহমেদ বাংলাদেশের একটি জেলার প্রশাসনের মধ্যমণি। তিনি তার দপ্তরের বিভিন্ন কার্যক্রম অত্যন্ত দক্ষতা ও আন্তরিকতার সাথে পরিচালনা করেন।

৫. **জনাব রফিক আহমেদ বাংলাদেশ সরকারের কোন বিভাগে চাকুরি করেন?**
ক শাসন বিভাগ খ আইন বিভাগ গ বিচার বিভাগ ঘ সচিবালয়

৬. **উক্ত বিভাগ –**
i. আইন শৃঙ্খলা রক্ষা করে ii. আইন প্রণয়ন করে
iii. শাসন কার্য পরিচালনা করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৭. **সামাজিক মূল্যবোধ প্রতিভাত হয় ব্যক্তির –**
i. চিন্তা-চেতনার মধ্য দিয়ে ii. নৈতিকতার মধ্য দিয়ে
iii. আচার-ব্যবহারের মধ্য দিয়ে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৮. **সামাজিকীকরণের আনুষ্ঠানিক মাধ্যম কী?**
ক বিদ্যালয় খ সংগঠন গ পরিবার ঘ ক্লাব

৯. **প্রধান তিনটি বলয় ছাড়াও ভূমিকম্পের প্রকোপ দেখা যায় –**
i. ভূ-পৃষ্ঠের অভ্যন্তরে ii. মহাসাগরের কাছে iii. নদীর গতি পথে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১০. **আমাদের দেশে যদি শিক্ষার সুযোগ ও স্বাস্থ্য সেবার সুবিধা বেড়ে যায়, তবে বলা যায় আমাদের –**
ক উন্নত প্রযুক্তি ব্যবহার বেড়েছে
খ অর্থনীতির কাঠামোগত পরিবর্তন হয়েছে
গ উপকরণসমূহ সহজলভ্য হয়েছে
ঘ সামাজিক অবকাঠামোর পরিবর্তন ঘটেছে

১১. **যুথি বড়দের শ্রদ্ধা করার পাশাপাশি ছোটদের স্নেহ করে। যুথির চরিত্রের এ দিকগুলো কীসের উদাহরণ?**
ক সচেতনতা খ পারিবারিক নীতি
গ সামাজিক মূল্যবোধ ঘ সামাজিক আইন

১২. **কতটি সদস্য রাষ্ট্র নিয়ে জাতিসংঘের নিরাপত্তা পরিষদ গঠিত?**
ক ১০ টি খ ১৫ টি গ ২০ টি ঘ ২৫ টি

১৩. **ধনতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থার বৈশিষ্ট্য হচ্ছে –**
i. সর্বোচ্চ মুনাফা অর্জন করা ii. সর্বোচ্চ জনকল্যাণ নিশ্চিত করা
iii. উৎপাদনের অবাধ প্রতিযোগিতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. **আয়তনে বৃহস্পতি পৃথিবীর থেকে কত গুণ বড়?**
ক ১৩০০ খ ১৪০০ গ ১৫০০ ঘ ১৬০০

১৫. **স্বাধীনতা লাভের পর জাতিসংঘ ছাড়াও বাংলাদেশ সদস্য পদ পায় –**
i. জোট নিরপেক্ষ ii. ওআইসি iii. সার্ক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. **সকলক্ষেত্রে বৈষম্য সহনীয় পর্যায়ে নামিয়ে আনতে –**
i. জেন্ডার বৈষম্য কমিয়ে আনতে হবে
ii. আয় ও সম্পদ বৈষম্য কমিয়ে আনতে হবে
iii. যথাযথ কৌশল ও প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গড়ে তুলতে হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
একটি শ্রমিক সংগঠনের সদস্যবৃন্দ ১৫ জন প্রতিনিধি নির্বাচিত করে। নির্বাচিত প্রতিনিধিগণের ভোটে তারা সংগঠনের সভাপতি বাছাই করে।

১৭. **উদ্দীপকে বর্ণিত সভাপতি বাছাই কোন ধরনের নির্বাচনকে নির্দেশ করে?**
ক গণভোট খ উপ-নির্বাচন
গ প্রত্যক্ষ নির্বাচন ঘ পরোক্ষ নির্বাচন

১৮. **বাংলাদেশে এ ধরনের নির্বাচন দেখা যায়–**
i. রাষ্ট্রপতি নির্বাচনে ii. সিটি কর্পোরেশন নির্বাচনে
iii. জেলা পরিষদ নির্বাচনে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. **বাংলাদেশে শিশু শ্রমের প্রধান কারণ কী?**
ক পিতামাতার উদাসীনতা খ নির্ভরশীলতা
গ অর্থনৈতিক দুরবস্থা ঘ ভৌগলিক অবস্থান

২০. **পরোক্ষ গণতন্ত্রে নির্বাচিত প্রতিনিধিরাই –**
i. আইন প্রণয়ন করে ii. শাসনকার্য পরিচালনা করে
iii. বিচারকার্য পরিচালনা করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২১. **মুক্তিযুদ্ধের সময় কোন প্রচার মাধ্যমটি আন্তর্জাতিক অঙ্গনে ব্যাপক প্রভাব রাখে?**
ক বিবিসি খ রয়টার্স
গ ইন্ডিপেনডেন্ট ঘ নিউইয়র্ক টাইমস

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব 'D' ব্যবসা করেন। তিনি অতিরিক্ত লাভের আশায় প্রায়ই পণ্য সামগ্রী গুদামজাত করেন। আবার ব্যবসার প্রতিযোগিতার ক্ষেত্রে ও অতিরিক্ত সম্পদ অর্জনে ছলচাতুরীর আশ্রয় গ্রহণ করেন।

২২. **জনাব 'D' এর কাজ কোন ধরনের সামাজিক সমস্যা?**
ক সামাজিক নৈরাজ্য খ দুর্নীতি
গ ন্যায়বোধ ঘ মূল্যবোধের অবক্ষয়

২৩. **উদ্দীপকে যে বিষয়টি পরিলক্ষিত হয় তার প্রভাব সমাজে –**
i. আর্থ-সামাজিক উন্নয়ন বাধাগ্রস্ত হয়
ii. প্রতিভাবানদের প্রতিভার বিকাশ বাধাগ্রস্ত হয়
iii. যোগ্য ব্যক্তির উচ্চ পদে আসীন বাধাগ্রস্ত হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. **কত সালে বিশ্বে প্রথম এইচআইভি সংক্রমিত ব্যক্তি শনাক্ত হয়?**
ক ১৯৮১ খ ১৯৯০ গ ১৯৯৫ ঘ ২০০৫

২৫. **বাংলাদেশে সংবিধানের কত অনুচ্ছেদে জাতীয় সংসদ প্রতিষ্ঠার কথা বলা হয়েছে?**
ক ৬২ খ ৬৩ গ ৬৪ ঘ ৬৫

২৬. **জাতিসংঘ শিশু অধিকার কনভেনশন অনুযায়ী শিশু কারা?**
ক ৭ বছরের কম বয়সীরা খ ৭-১৪ বছর বয়সীরা
গ ১৬ বছরের কম বয়সীরা ঘ ১৮ বছরের কম বয়সীরা

২৭. **প্রশাসনিক কাঠামোতে অতিরিক্ত সচিবের উর্ধ্বতন কর্মকর্তার পদ কোনটি?**
ক সচিব খ যুগ্মসচিব গ উপ-সচিব ঘ সহকারি সচিব

২৮. **শিশুর ব্যক্তিত্বের সুষ্ঠু বিকাশের জন্য প্রয়োজন –**
i. খেলার সাথীদের সাথে সুসম্পর্ক
ii. মা-বাবার সাথে সুসম্পর্ক iii. নিকট আত্মীয়দের সাথে সুসম্পর্ক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. **কোন ব্যাংক ক্লিয়ারিং হাউজ হিসেবে কাজ করে?**
ক বাণিজ্যিক ব্যাংক খ সোনালী ব্যাংক
গ বাংলাদেশ ব্যাংক ঘ পূবালী ব্যাংক

৩০. **রাষ্ট্রের কোন উপাদানকে মস্তিষ্ক বলা হয়?**
ক জনসমষ্টি খ নির্দিষ্ট ভূখণ্ড গ সরকার ঘ সার্বভৌমত্ব

■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# দিনাজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** **বিষয় কোড : 1 5 0**

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট **(সৃজনশীল)** পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.

| | | |
|---|---|---|
| দৃশ্যকল্প-১: | 'ক' আন্দোলন | পুলিশের গুলিতে কতিপয় ছাত্র; প্রভাতফেরি, মাতৃভাষায় কথা বলার অধিকার। |
| দৃশ্যকল্প-২: | 'খ' আন্দোলন | একক মুদ্রা চাই, ভোটাধিকার, আঞ্চলিক নিরাপত্তা চাই। |

ক. যুক্তফ্রন্ট কী? ১
খ. মৌলিক গণতন্ত্রকে পরোক্ষ নির্বাচন পদ্ধতি বলা হয় কেন? ২
গ. দৃশ্যকল্প-১ এ নির্দেশিত আন্দোলনটি চিহ্নিত করে এর ব্যাখ্যা প্রদান করো। ৩
ঘ. 'খ' আন্দোলন বাঙালিকে স্বাধীনতার দিকে ধাবিত করে- বিশ্লেষণ করো। ৪

২. দৃশ্যকল্প-১: যুদ্ধবিধ্বস্ত 'ক' দেশটি পুনর্গঠনের উদ্দেশ্যে সরকার প্রধান বিভিন্ন দলের সমন্বয়ে একটি নতুন দল গঠন করেন। দলটি গঠনের উদ্দেশ্য ছিল- অর্থনৈতিক স্বাধীনতা এবং শোষণহীন সমাজ গঠন।

**দৃশ্যকল্প-২ :** 'ক' দেশের 'খ' অঞ্চলের জনপ্রিয় নেতা নির্বাচনে জয়লাভের পর সরকার গঠন করতে না পারায় বিভিন্নভাবে প্রতিবাদ জানান। তিনি এক ঐতিহাসিক মাঠে বিশাল জনসভায় স্বাধীনতাকামী জনগণের উদ্দেশ্যে ভাষণ দেন। জনগণ তার ভাষণে উদ্বুদ্ধ হয়ে সশস্ত্র সংগ্রামে ঝাঁপিয়ে পড়ে এবং একসময় স্বাধীনতা অর্জন করে।

ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রাজনীতির চূড়ান্ত লক্ষ্য কী ছিল? ১
খ. আমাদের মুক্তিযুদ্ধে জাতিসংঘের ভূমিকা উল্লেখযোগ্য নয় কেন? ২
গ. দৃশ্যকল্প-১ তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়কে ইঙ্গিত করছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ যে ভাষণের কথা বলা হয়েছে তার মাধ্যমেই স্বাধীনতার আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়- তুমি কি একমত? যুক্তি দাও। ৪

৩. **দৃশ্যকল্প-১ :** নভেম্বর মাসের ৩ তারিখে জনাব আরিফ অফিস ট্যুরে কক্সবাজারে যান। সেখানে তিনি পূর্ণিমার রাতে সৈকতে সমুদ্রের উত্তাল স্রোত উপভোগ করেন। দুই সপ্তাহ পরে তার বন্ধুদের সঙ্গে আবারও সৈকতে বেড়াতে যান। লক্ষ করেন সমুদ্রে জোয়ারের তীব্রতা পূর্বের চেয়েও বেশি।

**দৃশ্যকল্প-২ :** X গ্রহটির যে স্থান সূর্যের কাছাকাছি থাকে ঐ স্থানে গরম অনুভূত হলেও অন্যসময় তা সূর্য থেকে দূরে চলে যাওয়ায় ঠান্ডা অনুভূত হয়।

ক. সৌর কলঙ্ক কী? ১
খ. স্থানীয় সময় বিভিন্ন জায়গায় ভিন্ন হয় কেন? ২
গ. দৃশ্যকল্প-১ তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়টিকে ইঙ্গিত করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. "পৃথিবীর আবর্তনের ফলেই দৃশ্যকল্প-১ এর অবতারণা ঘটে" তুমি কি একমত? যৌক্তিক বিশ্লেষণ করো। ৪

৪. দৃশ্যকল্প-১: এস.এস.সি পরীক্ষা শেষে লামিয়া নীলগিরি ও সাজেকে বেড়াতে যায়। সেখানে সে বাংলাদেশের উচ্চতম পাহাড়চূড়াও দর্শন করে।

দৃশ্যকল্প-২: সামিহা লক্ষ করে গত কয়েক বছর ধরে তার দেশে জুন মাসে তেমন বৃষ্টি হচ্ছে না। অথচ জুলাই এর শেষ দিকে প্রচণ্ড বৃষ্টি হচ্ছে। অল্পসময়ে অধিক বৃষ্টিপাতের জন্য বন্যা দেখা দিচ্ছে। এতে মানুষের দুর্ভোগ বাড়ছে।

ক. ভূমিকম্পের কেন্দ্র কাকে বলে? ১
খ. সৌরশক্তি পরিবেশ বান্ধব কেন? ২
গ. লামিয়ার ভ্রমণকৃত অঞ্চলটি বাংলাদেশের কোন ভূ-প্রাকৃতিক অঞ্চলকে নির্দেশ করে? বর্ণনা করো। ৩
ঘ. দৃশ্যকল্প-২ এ যে পরিবর্তন লক্ষ করা যায় তা বাংলাদেশের মানুষের জীবন-জীবিকার উপর নানা প্রভাব ফেলছে"- তুমি কি একমত? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৫. **ঘটনা-১ :** আমীর হোসেন একজন জনপ্রতিনিধি। তার এলাকায় প্রায়ই মানুষের মধ্যে দ্বন্দ্ব-সংঘাত লেগে থাকে। তাই তিনি এলাকার শান্তিশৃঙ্খলা রক্ষার জন্য একটি বিশেষ বাহিনী গঠন করেছেন।

**ঘটনা-২ :** ধনী ও প্রভাবশালী m কলেজ ছাত্রী p কে প্রায়ই উত্যক্ত করে। p এর বাবা m এর পিতার কাছে অভিযোগ করে কোন প্রতিকার না পেয়ে থানায় অভিযোগ করেন। পুলিশ m কে আটক করে এবং বিচারে তার কারাদণ্ড হয়।

ক. নাগরিক কাকে বলে? ১
খ. প্রতিটি সন্তানই রাষ্ট্রের সন্তান-ব্যাখ্যা করো। ২
গ. আমীর হোসেনের কাজটি রাষ্ট্রের কোন ধরনের কাজের সাথে সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা করো। ৩
ঘ. আইনের যে ধারণাটি ঘটনা-২ এ প্রতিফলিত হয়েছে তা সুশাসন প্রতিষ্ঠায় খুবই গুরুত্বপূর্ণ-বিশ্লেষণ করো। ৪

৬. ঘটনা-১: জনাব হাবিব সরকারের এমন একটি বিভাগে কাজ করেন যেটি আইন ভঙ্গাকারীকে শাস্তি প্রদান করে ও জনগণের মৌলিক অধিকার রক্ষা করে।

ঘটনা-২: মানব সভ্যতার ইতিহাসে দ্বিতীয় বিশ্বযুদ্ধ ছিল সবচেয়ে বিভীষিকাময় ঘটনা। এসময় বিশ্বের নেতৃত্বস্থানীয় দেশগুলো একজোট হয়ে বিশ্ব শান্তি প্রতিষ্ঠার উদ্দেশ্যে, একটি আন্তর্জাতিক সংস্থা গঠন করে এ সংস্থার অঙ্গসমূহ বিশ্বের বিভিন্ন দেশের আর্থসামাজিক উন্নয়নে ভূমিকা রেখে চলেছে।

ক. ভেটো ক্ষমতা কী? ১
খ. স্থানীয় প্রশাসনের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২
গ. জনাব হাবিব সরকারের যে বিভাগে কাজ করেন তা চিহ্নিত করে ব্যাখ্যা করো। ৩
ঘ. "ঘটনা-২ এ উল্লিখিত সংস্থার অঙ্গসমূহ বাংলাদেশের সার্বিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে"– বিশ্লেষণ করো। ৪

৭. **ঘটনা-১ :** কক্সবাজারের টেকনাফে স্থাপন করা হয়েছে দেশের প্রথম সোলার পার্ক। দেশের মানুষের লোডশেডিং জনিত সমস্যা দূর করার জন্য বিদ্যুৎ কেন্দ্রটি স্থাপিত হয়েছে। বিদ্যুতের অপচয় যেন না হয়, এজন্য তারা প্রয়োজনের বাইরে লাইট, ফ্যান, টিভি বন্ধ রাখেন।

**ঘটনা-২ :** নিশ্চিন্তপুর গ্রামের মানুষ বেশ উদ্যমী। তারা সকলে মিলে গ্রামে প্রবেশপথের ভাঙা সেতুটি নিজেরাই মেরামত করে নিয়েছে। তারা রাস্তার গর্তগুলো মাটি দিয়ে ভরাট করে তা চলাচলের উপযোগী করেছে। তারা নিজেদের দায়িত্ব ও কর্তব্য সঠিকভাবে পালন করে গ্রামটিকে সুন্দর ও বাসযোগ্য করে তুলেছে।

ক. টেকসই উন্নয়ন কাকে বলে? ১
খ. সম্পদের অসম বণ্টন রোধ করা প্রয়োজন কেন? ২
গ. ঘটনা-১ এ উল্লিখিত বিষয়টি এস.ডি.জি-র কোন অভীষ্ট পূরণে সহায়ক? ব্যাখ্যা করো। ৩
ঘ. তোমার পাঠ্যবইয়ের যে ধারণাটি ঘটনা-২ এ প্রতিফলিত হয়েছে তা জাতীয় ও বৈশ্বিক টেকসই উন্নয়ন অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। মতামত দাও। ৪

৮. ঘটনা-১: রহমত সাহেব 'ক' দেশে বাস করেন। তার একটি রেস্তোরাঁ রয়েছে। সেখানে প্রায় ২০ জন কর্মচারি কাজ করে। রহমত সাহেব তার কর্মচারিদের কম বেতন দিয়ে নিজের লাভের দিকে সবসময়ই প্রাধান্য দেন।

ঘটনা-২: জিম এর দেশে বেকার লোক নেই বললেই চলে। সেই দেশের সরকার প্রত্যেককে তার যোগ্যতা ও দক্ষতা অনুযায়ী কাজ দেয়। প্রত্যেকের উপার্জন এক না হলেও কেউই তার প্রাপ্য থেকে বঞ্চিত হয় না।

ক. উপযোগ কাকে বলে? ১
খ. ফ্যানের বাতাস সম্পদ হিসেবে বিবেচিত হয় কেন? ২
গ. ঘটনা-১ এ কোন অর্থব্যবস্থা প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর জিম এর দেশের প্রচলিত অর্থনৈতিক ব্যবস্থার মাধ্যমে শোষণহীন সমাজ গঠন সম্ভব? মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৯. ঘটনা-১: রেখা উচ্চ শিক্ষার জন্য A নামক একটি দেশে গেল। দেশটির জনগণের মাথাপিছু আয় ৪২১০ মার্কিন ডলার থেকে ৯৫০০ মার্কিন ডলার পর্যন্ত। দেশটির অবকাঠামোগত অবস্থা উন্নত এবং জনগণের জীবনযাত্রার মানও বেশ উন্নত।

ঘটনা-২: বাংলাদেশ A নদীতে সেতু তৈরির জন্য বিশ্বব্যাংকের কতিপয় সাহায্য সংস্থার সাথে ঋণ সহায়তায় চুক্তিবদ্ধ হয়। কিন্তু হঠাৎ বিশ্বব্যাংক ঋণ সহায়তায় অস্বীকৃতি জানায়। এতে A সেতু প্রকল্পের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়ে।

ক. প্রবৃদ্ধি কী? ১
খ. রূপকল্প-২০২১ ব্যাখ্যা করো। ২
গ. অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্র বিবেচনায় A দেশ কী ধরনের দেশ? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে ঘটনা-২ এ উল্লিখিত বিষয় ছাড়া আরও ক্ষেত্র রয়েছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০. ঘটনা-১: জনাব রায়হান টিভি শো "মাটি ও মানুষ" দেখে অনুপ্রাণিত হয়ে কৃষি কাজের সিদ্ধান্ত নেন। ইন্টারনেট থেকে প্রাপ্ত তথ্য ও গ্রামের মানুষের সহায়তায় বর্তমানে তিনি একজন সফল কৃষক।

ঘটনা-২: জনাব অপর্ণা চাকরি শেষে তার নিজ গ্রামে বসবাসের সিদ্ধান্ত নেন। সেখানে তিনি গ্রামের মহিলাদের হাতের সেলাই ও শতরঞ্জি তৈরির প্রশিক্ষণের ব্যবস্থা করেন। উৎপাদিত দ্রব্য দেশ ও বিদেশে বিক্রয়ের ক্ষেত্রেও সহযোগিতা করেন। জনাব অপর্ণার সহযোগিতায় গ্রামের প্রতিটি মহিলা স্বাবলম্বী হয়েছে এবং সংসারে তাদের গুরুত্ব বেড়েছে।

ক. প্রতিলোম বিবাহভিত্তিক পরিবার কাকে বলে? ১
খ. বর্তমানে গ্রামে যৌথ পরিবার ভেঙে যাচ্ছে কেন? ২
গ. ঘটনা-১ এ সামাজিক পরিবর্তনের কোন উপাদানটির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বর্তমানে সামাজিক পরিবর্তনের সাথে সাথে গ্রামের নারীদের ভূমিকার পরিবর্তন কিসের পথকে সুগম করছে? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

১১. ৮ ঘটনা-১: সিফাত দোকানে চা খেতে গিয়ে লক্ষ করে ৯-১০ বছরের একটি ছেলে চা বানাচ্ছে। গল্পে গল্পে সিফাত জানতে পারল ছেলেটির বাবা নেই। সংসার চালানোর জন্য তাকে এই কাজ করতে হয়।

ঘটনা-২: রাজধানীর সাথে সংযুক্ত মহাসড়কে বিভিন্ন বাঁক আছে। এর মধ্যে কিছু বাঁক বেশি ঝুঁকিপূর্ণ, এতে চালকরা অনেক সময় বিভ্রান্ত হয়ে পড়ে। প্রায় সময় এসব জায়গায় গাড়ির মধ্যে মুখোমুখি সংঘর্ষ হয়।

ক. সামাজিক মূল্যবোধ কাকে বলে? ১
খ. নিজ পরিবারও জঙ্গিদের ঘৃণার চোখে দেখে কেন? ২
গ. সিফাতের ঘটনা কোন সামাজিক সমস্যাকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ঘটনা-২ এ উল্লিখিত সামাজিক সমস্যা সমাধানে কী কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে? বিশ্লেষণ করো। ৪

## মডেল টেস্ট- ০৭

# রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** **বিষয় কোড : 1 5 0**

সময় : ৩০ মিনিট **(বহুনির্বাচনি অভীক্ষা)** পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. ছয় দফা দাবির মধ্যে বলা হয়েছে কেন্দ্রীয় সরকারের হাতে থাকবে –**
ⓚ প্রতিরক্ষা ⓚ মুদ্রা
ⓖ কর ধার্য ⓖ আধা সামরিক বাহিনী

**২. শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয় –**
ⓚ ১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি ⓚ ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি
ⓖ ১৯৭০ সালে ২২ ফেব্রুয়ারি ⓖ ১৯৭০ সালের ২৩ ফেব্রুয়ারি

**৩. মুজিবনগর সরকারের স্বরাষ্ট্রমন্ত্রী ছিলেন –**
ⓚ এ.এইচ.এম কামরুজ্জামান ⓚ এম.মনসুর আলী
ⓖ এ.এইচ.এম কামারুজ্জামান ⓖ খন্দকার মোশতাক আহমেদ

**৪. স্বাধীন বাংলাদেশ সরকার শাসন ক্ষমতা গ্রহণ করে ১৯৭১ সালের –**
i. ২২ এপ্রিল ii. ১০ এপ্রিল iii. ১৭ এপ্রিল
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii ⓖ iii ⓖ i, ii ও iii

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
১৯৯৬ সালের ২৬ মার্চ তত্ত্বাবধায়ক সরকারের বিল সংসদে পাস হয়। পরবর্তীতে পর পর দুইটি জাতীয় সংসদ নির্বাচন তত্ত্বাবধায়ক সরকারের অধীনে হয়।

**৫. প্রথম তত্ত্বাবধায়ক সরকারের প্রধান হন –**
ⓚ রাষ্ট্রপতি ইয়াজউদ্দিন আহম্মেদ ⓚ ডঃ ফখরুদ্দীন আহমেদ
ⓖ বিচারপতি সাহাবুদ্দিন আহমেদ ⓖ বিচারপতি হাবিবুর রহমান

**৬. এ সরকারের অধীনে অনুষ্ঠিত হয় –**
i. সপ্তম জাতীয় সংসদ ii. আওয়ামী লীগ ১৪৬ টি আসন লাভ করে
iii. ৪ দলীয় জোট ২১৯ টি আসন লাভ করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii ⓖ i ও ii ⓖ i, ii ও iii


**৭. কোন তারিখে পৃথিবীর সর্বত্র দিবা রাত্রি সমান হয়?**
ⓚ ২১ জুন ⓚ ২১ জুলাই ⓖ ২৩ সেপ্টেম্বর ⓖ ৪ জুলাই

**৮. বাংলাদেশের প্লাইস্টোসিন কালের সোপান সমূহ মোট ভূমির প্রায় –**
ⓚ ৮% ⓚ ১২% ⓖ ১৬% ⓖ ৮০%

**৯. বাংলাদেশের দক্ষিণপূর্ব ও উত্তরপূর্ব অংশের পাহাড়ি অঞ্চলকে বলে –**
ⓚ ক্রান্তীয় পাতাঝরা বা পত্র পতনশীল অরণ্য
ⓚ ক্রান্তীয় চিরহরিৎ এবং পত্র পতনশীল বনভূমি
ⓖ মধুপুর ভাওয়াল বনভূমি ⓖ গরান বনভূমি

**১০. বর্ষাকালে দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ুর প্রভাবে প্রচুর বৃষ্টিপাত হয় –**
i. ভারতে ii. বাংলাদেশে iii. মিয়ানমার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii ⓖ i ও ii ⓖ i, ii ও iii

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**




**১১. চিত্রের খালিঘরে (?) চিহ্নিত স্থানগুলোতে হবে –**
i. প্রথা ii. আইনসভা iii. প্রচলিত সভা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**১২. উদ্দীপকে উল্লিখিত উৎসগুলো কে প্রদান করেছেন?**
ⓚ এরিস্টটল ⓚ হল্যান্ড ⓖ টি.এইচ.গ্রীন ⓖ গেটেল

**১৩. জাতিসংঘের সাধারণ পরিষদের ৪১তম অধিবেশনে সভাপতিত্ব করেন –**
ⓚ আব্দুল হামিদ ⓚ রেজাউল করিম চৌধুরী
ⓖ হুমায়ুন কবির ⓖ হুমায়ুন রশীদ চৌধুরী

**১৪. নারীর অধিকারকে মানবাধিকার হিসেবে স্বীকৃতি দান করা হয় –**
ⓚ বেইজিং-এ ⓚ ভিয়েনা ⓖ মেক্সিকো ⓖ কেনিয়া

**১৫. $\frac{\text{মোট জাতীয় আয়}}{\text{মোট জনসংখ্যা}}$ দ্বারা আমরা বুঝি –**
ⓚ Grose National Income ⓚ Gross national product
ⓖ Gross Domestic product ⓖ Per capita Income

**১৬. কৃষি ব্যাংক কী ধরনের ব্যাংক?**
ⓚ বাণিজ্যিক ব্যাংক ⓚ কেন্দ্রীয় ব্যাংক
ⓖ সমবায় ব্যাংক ⓖ বিশেষ আর্থিক প্রতিষ্ঠান

**১৭. শিল্পায়িত অর্থনীতি, অনুকূল বৈদেশিক বাণিজ্য, রাজনৈতিক স্থিতিশীলতা কোন দেশের বৈশিষ্ট্য?**
ⓚ অ-উন্নত ⓚ অনুন্নত ⓖ উন্নয়নশীল ⓖ উন্নত

**১৮. পরিবার গঠনের অন্যতম পূর্বশর্ত কোনটি?**
i. বিবাহ ii. ধর্ম iii. পরিবার কাঠামো গঠন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii ⓖ i ও ii ⓖ ii ও iii

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :**
সাকিব সাহেব চাকুরি করেন। সম্প্রতি তিনি বিয়ে করে করিম সাহেবের বাসায় সাবলেট হিসেবে ওঠেন।

**১৯. সাকিবের পরিবারটি কোন ধরনের?**
ⓚ মাতৃবাস ⓚ পিতৃবাস ⓖ নয়াবাস ⓖ একপত্নী

**২০. বর্তমানে এ ধরনের পরিবার বেশি দেখা যায় কারণ –**
i. নিজের কর্তৃত্বে থাকার অভিপ্রায় ii. পেশা সংশ্লিষ্টতার কারণে
iii. আর্থিক অস্বচ্ছলতার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**২১. সামাজিক পরিবর্তন হচ্ছে সামাজিক সংগঠনের মধ্যকার পরিবর্তন– বলেছেন –**
ⓚ ম্যাকাইভার ⓚ কিংসলে ডেভিস ⓖ গানার ⓖ গেটেল

**২২. সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য অর্জনের রোল মডেল বলা হয় কোন দেশকে?**
ⓚ বাংলাদেশ ⓚ ভারত ⓖ সিঙ্গাপুর ⓖ নেপাল

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
সমাজ, অর্থনৈতিক বিবেচনা এবং পরিবেশ সংরক্ষণ এই তিনটি বিষয়কে কেন্দ্র করে যদি উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা হয় তাহলে সামগ্রিক উন্নয়ন আশা করা যায়।

**২৩. এসডিজি'র বাংলা পূর্ণরূপ কী?**
ⓚ সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য ⓚ টেকসই উন্নয়ন অভীষ্ট
ⓖ চিরস্থায়ী উন্নয়ন লক্ষ্য ⓖ স্বল্পকালীন উন্নয়ন লক্ষ্য


**২৪. উদ্দীপকে উল্লিখিত উন্নয়নের অভীষ্ট কয়টি?**
ⓚ ৮টি ⓚ ১৯টি ⓖ ২১টি ⓖ ১৭টি

**২৫. কোনটি ধনতান্ত্রিক অর্থনৈতিক ব্যবস্থায় বৈশিষ্ট্য?**
ⓚ অবাধ প্রতিযোগিতা ⓚ ভোক্তার স্বাধীনতা
ⓖ সর্বাধিক মুনাফা অর্জন ⓖ ভোক্তার স্বাধীনতার অভাব

**২৬. কোনটি রাষ্ট্রপতির ক্ষমতা?**
ⓚ আইন সংক্রান্ত ক্ষমতা ⓚ শাসন বিষয়ক ক্ষমতা
ⓖ অর্থ বিষয়ক ক্ষমতা ⓖ অধ্যাদেশ জারির ক্ষমতা

**২৭. প্রতিটি মন্ত্রণালয়ের দায়িত্বে থাকেন –**
ⓚ মন্ত্রী ⓚ সচিব ⓖ উপ-সচিব ⓖ যুগ্মসচিব

☐ **নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**




**২৮. '?' স্থানে কী করবে?**
ⓚ রাষ্ট্র ⓚ সরকার ⓖ দেশ ⓖ প্রশাসন

**২৯. বাংলাদেশের আইনসভার নাম কী?**
i. আইনমন্ত্রণালয় ii. আইন বিভাগ iii. জাতীয় সংসদ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓚ ii ⓖ iii ⓖ ii ও iii

**৩০. ভরা কটাল হয় –**
ⓚ অমাবস্যায় ⓚ পূর্ণিমায়
ⓖ অমাবস্যা ও পূর্ণিমায় ⓖ সপ্তমী তিথিতে

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# কুমিল্লা জিলা স্কুল

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** বিষয় কোড : | 1 | 5 | 0 |

**(সৃজনশীল)**

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.

| ছক-১ | ছক-২ | ছক-৩ |
|---|---|---|
| • রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ<br>• ১৪৪ ধারা ভঙ্গ | • দেশের প্রথম সরকার গঠন ১৯৭১<br>• হানাদারদের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনা | • স্বাধীন বাংলাদেশ রাষ্ট্র প্রতিষ্ঠা |

ক. উনসত্তরের গণঅভ্যুত্থান কী? ১
খ. বিপ্লবী পরিষদ কী? ব্যাখ্যা করো। ২
গ. ছক-২ দ্বারা ঐতিহাসিক কোন ঘটনাটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর ছক-১ এর সাথে ছক-২ এর ঘটনার যোগসূত্র রয়েছে? পাঠ্যবইয়ের আলোকে তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

২. ফিফা ওয়ার্ল্ড কাপ ২০২২ এ জাপান-জার্মান ম্যাচের পর জাপানিরা তাদের স্বভাবসুলভ স্টেডিয়ামের সব ময়লা নিজ হাতে পরিষ্কার করে নির্দিষ্ট স্থানে রাখে। এটি দেখে শিবরামপুর গ্রামের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব বশির সকলকে আহ্বান করে বলেন, আসুন আমরা গ্রাম, দেশ তথা পুরো ধরিত্রীই পরিষ্কার পরিচ্ছন্ন রাখি এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য গ্রাম ও শহরকে বাসযোগ্য করে তুলি।

ক. MDG-এর পূর্ণরূপ লেখো। ১
খ. দ্রুত গতিতে উন্নয়ন ও অগ্রগতির ধারা টেকসই রাখতে হবে কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে জনাব বশিরের আহ্বানটি টেকসই উন্নয়নের কোন বিষয়টিকে প্রতিনিধিত্ব করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে প্রতিফলিত বিষয়টি অর্জনে বাংলাদেশের চ্যালেঞ্জসমূহ পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩. দৃশ্যপট-১: জনাব ফাহিমা উত্তরা ব্যাংকের একজন কর্মকর্তা। তিনি গ্রাহকদের সাথে সর্বদা সুসম্পর্ক বজায় রাখেন।
দৃশ্যপট-২: জনাব সুমন সমবায় ব্যাংকের একজন কর্মকর্তা। তিনি তার গ্রাহকদের বিভিন্ন কার্যক্রমে সহায়তা করে থাকেন।
দশ্যপট-৩: এমদাদ সাহেব পশ্চিমে একটি নদীর উপর ব্রিজ ভ্রমণকালীন তার ছেলেকে বলেন, এটি নির্মাণ করতে সরকার এক ধরনের অর্থ সংগ্রহ করে। তিনি এক পর্যায়ে বলেন দেশের দক্ষিণাঞ্চলের একটি থেকেও অর্থ আদায় করে।

ক. বাণিজ্য শুল্ক কাকে বলে? ১
খ. বিহিত মুদ্রা কী? ব্যাখ্যা করো। ২
গ. দৃশ্যপট-৩ এ সরকারের আয়ের কোন উৎসকে নির্দেশ করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'দৃশ্যপট-১' এবং '২' এর ইঙ্গিতকৃত আর্থিক প্রতিষ্ঠানগুলো দারিদ্র্য বিমোচন ও স্বকর্মসংস্থানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।'-উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৪. দৃশ্যপট-১: Mr. 'X' একটি স্থানীয় স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে জন প্রতিনিধি। এটি ১৯৮৩ সালে প্রথম প্রবর্তন করা হয়।
দৃশ্যপট-২: Mr. 'Y' বিভাগীয় কমিশনারের নিকট তার কাজের জন্য দায়ী থাকেন।

ক. উড্রো উইলসনের প্রদত্ত আইনের উৎকৃষ্ট সংজ্ঞাটি লিখো। ১
খ. বাংলাদেশের স্বাধীনতা রক্ষার প্রথম পদক্ষেপ কোনটি? ব্যাখ্যা করো। ২
গ. দৃশ্যপট-১ এ উল্লিখিত প্রতিষ্ঠানটির গঠন বর্ণনা করো। ৩
ঘ. 'Mr. 'Y' সরকারের এজেন্ট বা প্রতিনিধি' উক্তিটি পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৫. ঘটনা-১: 'P' নামক প্রতিবেশী দেশ মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ দেন এবং তৎকালীন গণহত্যার বিবরণ বিশ্ববাসীর নিকট তুলে ধরেন। 'Q' নামক ভেটো প্রদানকারী দেশ উক্ত সময়ে বিভিন্ন কার্যক্রমকে সহায়তা করেন।
ঘটনা-২: তাকরিম তার বাবার কাছে '৭৫ এর পৈশাচিক ও নির্মম হত্যাকাণ্ড সম্পর্কে জানতে চাইলে তার বাবা বলেন, '১৫ই আগস্ট ও ৩রা নভেম্বরের হত্যাকান্ড একই গোষ্ঠীর কর্মকাণ্ড।'

ক. বাংলাদেশের পররাষ্ট্রনীতির ভিত্তি কী? ১
খ. মুক্তিযোদ্ধাদের ঋণ পরিশোধ করা সম্ভব নয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. ঘটনা-২: এ কোন ঐতিহাসিক ঘটনা প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের মুক্তিযুদ্ধে P ও Q দেশের মধ্যে কোন দেশের ভূমিকা অগ্রগণ্য? তোমার মতামত পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৬. দৃশ্যপট-১: আদিবের নবম শ্রেণিতে পড়ার সময় তার আচরণের পরিবর্তন ঘটে। সে ক্লাসে ফাঁকি দেয়, মেয়েদের মোবাইলে উত্যক্ত করে এবং সে মাঝে মাঝে বাবা মার টাকা সরিয়ে রাত করে বাসায় ফিরে।
দৃশ্যপট-২: বাংলাদেশের বেসরকারি সংস্থা IMSS নরসিংদীর শিলমন্দিরে অবহেলিত জনগোষ্ঠীর ভাগ্য উন্নয়নের জন্য ক্ষুদ্র ক্ষুদ্র ঋণ প্রকল্প চালু করেছে। এর ফলশ্রুতিতে উক্ত এলাকার নারীরা স্বাবলম্বী হয়ে পুরুষের পাশাপাশি কাজ করছে এবং বহু সামাজিক দায়িত্ব পালন করছে।

ক. মানব পাচার দমন আইন-২০১১ এর আইনটি লিখো। ১
খ. একটি শিশুর জীবনে সড়ক দুর্ঘটনা কীভাবে পারিবারিক জীবনকে প্রভাবিত করে? ব্যাখ্যা করো। ২
গ. দৃশ্যপট-১ এর ইঙ্গিতকৃত বিষয়টি কী? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর শিলমন্দিরের নারীদের মতো বাংলাদেশেও নারীর ভূমিকা পরিবর্তিত হচ্ছে?' যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

৭. জনাব হিয়েন একজন আমেরিকান ব্যবসায়ী। তিনি ব্যবসায়িক উদ্দেশ্যে বাংলাদেশে এসে সরকারের অনুমতি নিয়ে আড়াই হাজার কারখানা প্রতিষ্ঠা করেন। স্থানীয় অনেক মানুষ তার কারখানায় কাজ করে। অন্যদিকে জনাব শাহীন সমেশপুর গ্রামে বসবাস করেন। স্নাতক পাস করে সে তার গ্রামে একটি ছোট কারখানা তৈরি করে। গ্রামের অধিকাংশ লোক মুর্খ হওয়ায় সে দক্ষ শ্রমিক পাচ্ছে না। অন্যদিকে ব্যাংক থেকে পর্যান্ত ঋণ না পাওয়ার কারণে সে এটাকে বড় করতে পারছে না।

ক. সম্পদ কাকে বলে? ১
খ. বণ্টন ব্যবস্থা কী? ব্যাখ্যা করো। ২
গ. জনাব হিয়েনের কাজটি অর্থনীতির কোন নির্দেশক এর মধ্যে পড়ে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে শাহীন যে প্রতিবন্ধকতার সম্মুখীন হয়েছে তা উত্তরণের উপায় হলো সরকারের প্রদত্ত সংশ্লিষ্ট নীতিসমূহ বাস্তবায়ন'- উক্তিটির সাথে তুমি কি একমত? যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৮. ঘটনা-১: 'ক' রাষ্ট্রের সরকার প্রধান জনগণের ভোটে নির্বাচিত। তাকে তার কাজের জন্য জনগণের কাছে জবাবদিহি করতে হয়।
ঘটনা-২: মানব সভ্যতার ইতিহাসে দ্বিতীয় বিশ্বযুদ্ধ ছিল সবচেয়ে কলঙ্কিত ও বিভীষিকাময়। এসময় বিশ্বের নেতৃস্থানীয় দেশগুলো একজোট হয়ে একটি আন্তর্জাতিক সংস্থা গড়ে তোলে।

ক. অধ্যাপক গেটেলের প্রদত্ত রাজনৈতিক দলের সংজ্ঞাটি লেখো। ১
খ. 'গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ অনুযায়ী নির্বাচনি অপরাধ ও এর দণ্ড নির্ধারণ করা হয়েছে'- উক্তিটি ব্যাখ্যা করো। ২
গ. ঘটনা-২ এ উল্লিখিত সংস্থার অঙ্গ সংগঠনগুলো বাংলাদেশের সার্বিক উন্নয়নে কীভাবে ভূমিকা রেখেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ঘটনা-১ এর ইঙ্গিতকৃত সরকার ব্যবস্থা বিশ্বব্যাপী জনপ্রিয় হলেও বেশ কিছু সীমাবদ্ধতা রয়েছে- উক্তিটির সাথে তুমি কি একমত? তোমার মতামত যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৯. দৃশ্যকল্প-১: মহিম ও নবীন দুই বন্ধু। মহিম সুইডেন (৬৬.৫° উত্তর অক্ষাংশে) বসবাস করে। অপরদিকে নবীন ক্যানবেরা (৩৫° দক্ষিণ অক্ষাংশে) বাস করে। মহিম ২৫ শে ডিসেম্বর নবীনের সাথে কথা বলে তার খোঁজ খবর নেয়।
দৃশ্যকল্প-২: ভূগোল ক্লাসে সূর্যকেন্দ্রিক এক জ্যোতিষ্কের বর্ণনা দিয়ে বলেন, এটিতে পৃথিবীর একদিনে দুইবার সূর্য উঠে ও দুইবার অস্ত যায়।

ক. আন্তর্জাতিক তারিখ রেখা কাকে বলে? ১
খ. বর্তমান বিজ্ঞানীদের মতে জোয়ার ভাটা সংগঠিত হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. দৃশ্যকল্প-২ এর জ্যোতিষ্কটির চিত্রসহ বর্ণনা দাও। ৩
ঘ. মহিমের ফোনে কথা বলার তারিখে দুইটি শহরে কি একই ঋতু বিরাজ করেছিল? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০.




ক. 'আশ্বিনা বড় কী? ১
খ. সৌরশক্তি পরিবেশবান্ধব কেন? ব্যাখ্যা করো। ২
গ. নদীর গতিপথ বর্ণনা করো। ৩
ঘ. A ও B দেশের গ্রীষ্মকালের তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

১১. ফাহিম ও ফাতিন ৫ম শ্রেণিতে বৃত্তি পেয়ে নোয়াখালী জিলা স্কুলে ভর্তি হয়। কিন্তু ফাহিম হোস্টেলে ঠিকমত পড়াশোনা করেনি আর ফাতিন তার বাবা মার তত্ত্বাবধানে থেকে পড়াশোনা করে SSC ও HSC পরীক্ষায় GPA-5 পেয়ে ঢাকা মেডিকেলে পড়াশোনা করছে। অন্যদিকে ফাহিম কিছু বখাটে ছেলেদের সাথে মিশে সিগারেট খাওয়া থেকে শুরু করে আরও নানা অপকর্মে লিপ্ত হয়। প্রধান শিক্ষক তার অপকর্মের জন্য স্কুল থেকে ছাড়পত্র দিতে বাধ্য হন।

ক. পরিবার কাঠামো কী? ১
খ. সমাজ জীবনে উদযাপিত অনুষ্ঠান 'ব্যক্তির সামাজিকীকরণে প্রভাব ফেলে'- উক্তিটি ব্যাখ্যা করো। ২
গ. ফাতিনের সুন্দর ভবিষ্যৎ নির্মাণে সামাজিকীরণের কোন মাধ্যমটি সবচেয়ে বেশি প্রভাব বিস্তার করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. ফাহিনের সামাজিকীকরণে উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটি দায়ী'- উক্তিটির সাথে তুমি কি একমত? পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ০৮

# জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** বিষয় কোড : | 1 | 5 | 0 |

**(বহুনির্বাচনি অভীক্ষা)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. 'পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ' এর প্রতিষ্ঠাতা সভাপতি কে ছিলেন?**
ক মোহাম্মদ আলী জিন্নাহ খ মওলানা আব্দুল হামিদ খান ভাসানী
গ হোসেন শহীদ সোহরাওয়ার্দী ঘ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

**২. 'তোরা ঢাকা শহর রক্তে ভাসাইলি'- এ গানটির গীতিকার ও সুরকার কে?**
ক আব্দুল লতিফ খ আলতাফ মাহমুদ
গ আব্দুল গাফফার চৌধুরী ঘ জহির রায়হান

**৩. 'মৌলিক গণতন্ত্র' ধারণাটি প্রবর্তন করেন কে?**
ক মোহাম্মদ আলী জিন্নাহ খ মওলানা আব্দুল হামিদ খান ভাসানী
গ আইয়ুব খান ঘ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

**৪. মুজিবনগর সরকারের বিশেষ দূত হিসেবে কাজ করেন কে?**
ক অধ্যাপক ইউসুফ আলী খ বিচারপতি আবু সাঈদ চৌধুরী
গ খন্দকার মোশতাক আহমদ ঘ তাজউদ্দীন আহমদ

**৫. বাংলাদেশের প্রথম শিক্ষা কমিশনের প্রধান কে ছিলেন?**
ক ড. কামাল হোসেন খ মুহম্মদ শহীদুল্লাহ
গ ড. মুনীর চৌধুরী ঘ ড. কুদরাত-এ-খুদা

**৬. স্বাধীনতা যুদ্ধে নারীদের ভূমিকা ছিল –**
i. যুদ্ধে প্রত্যক্ষ অংশগ্রহণ ii. আহত যোদ্ধাদের সেবা প্রদান
iii. বিভিন্ন প্রকার তথ্য প্রদান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৭. বাংলাদেশের দীর্ঘতম দিন কোনটি?**
ক ২১ মার্চ খ ২১ জুন গ ২৩ সেপ্টেম্বর ঘ ২২ ডিসেম্বর

**৮. কোনো স্থানে সকাল ৮টায় জোয়ার শুরু হলে ভাটা হবে কখন?**
ক দুপুর ২টা ১৩ মিনিট খ বিকেল ৪টা
গ সন্ধ্যা ৬টা ১৩ মিনিট ঘ রাত ৮টা

**৯. মাহিনের শহরটি ১৬৩ ডিগ্রি পশ্চিম দ্রাঘিমায় এবং মাহিনের বন্ধু শাওনের শহরটি ১১০ ডিগ্রি পূর্ব দ্রাঘিমায় অবস্থিত। মাহিনের শহর থেকে শাওনের শহরের সময়ের পার্থক্য কত?**
ক ৩ ঘণ্টা ২০ মিনিট খ ৩ ঘণ্টা ৩৩ মিনিট
গ ১৮ ঘণ্টা ১৩ মিনিট ঘ ১৮ ঘণ্টা ২০ মিনিট

**১০. জলবায়ু পরিবর্তনের ফলে –**
i. মানুষের পেশাগত পরিবর্তন হচ্ছে ii. বিভিন্ন প্রজাতির প্রাণী বিলুপ্ত হচ্ছে
iii. প্রাকৃতিক ভারসাম্য নিশ্চিত হচ্ছে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১১. লালমাই পাহাড়ের আয়তন কত বর্গ কিলোমিটার?**
ক ২৫ খ ৩১ গ ৩৪ ঘ ৩৯

**১২. ভূমিকম্পের প্রলয়ঙ্করী বলয়ে অবস্থিত কোন জেলা?**
ক ঢাকা খ বগুড়া গ রাঙামাটি ঘ সিলেট

**১৩. ভূমিকম্পের পর একজন সচেতন ব্যক্তির করণীয় –**
i. বাড়ির দরজা-জানালা বন্ধ রাখা
ii. পানি, গ্যাস ও বৈদ্যুতিক লাইন পরীক্ষা করা
iii. রেডিও-টেলিভিশন খোলা রাখা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪. বাংলাদেশ ও মায়ানমার সীমান্তে কোন নদী অবস্থিত?**
ক নাফ খ কর্ণফুলী গ সাঙ্গু ঘ মাতামুহুরী

**১৫. প্রাচীন যুগ থেকে মানুষ নদ-নদীর তীরবর্তী ভূমিতে বসবাস করে কেন?**
ক প্রাকৃতিক সৌন্দর্যের জন্য খ মনোরম পরিবেশের জন্য
গ প্রচুর খনিজ সম্পদের জন্য ঘ জীবিকা নির্বাহের জন্য

**১৬. রাষ্ট্রের কোন উপাদানকে মস্তিষ্ক বলা হয়?**
ক জনসমষ্টি খ নির্দিষ্ট ভূখণ্ড গ সরকার ঘ সার্বভৌমত্ব

**১৭. অধিদপ্তরের প্রধান কে?**
ক মন্ত্রী খ মহাপরিচালক গ পরিচালক ঘ সিনিয়র সচিব

**☐ নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
একটি ক্রিকেট ক্লাবের সদস্যবৃন্দ ১৫ জন প্রতিনিধি নির্বাচন করেন। নির্বাচিত ১৫ জন প্রতিনিধির ভোটে ক্লাবের সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত হয়। তাদের নেতৃত্বে ক্লাবের কার্যক্রম পরিচালিত হন।

**১৮. উদ্দীপকে উল্লিখিত ক্লাবের সভাপতি নির্বাচন কোন ধরনের নির্বাচনকে নির্দেশ করে?**
ক পরোক্ষ খ প্রত্যক্ষ গ গণভোট ঘ উপ-নির্বাচন

**১৯. বাংলাদেশে এ ধরনের নির্বাচন দেখা যায় –**
i. সিটি কর্পোরেশন নির্বাচনে ii. জেলা পরিষদ নির্বাচনে
iii. রাষ্ট্রপতি নির্বাচনে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২০. অভিশংসন কার্যকর করার ক্ষমতা আছে কোন বিভাগের?**
ক শাসন বিভাগ খ আইন বিভাগ
গ বিচার বিভাগ ঘ নির্বাচন কমিশন

**২১. কত সাল থেকে জাতিসংঘের কার্যপ্রণালিতে বাংলা ভাষা ব্যবহার হয়?**
ক ১৯৭৪ খ ১৯৭৯ গ ১৯৮৪ ঘ ১৯৮৮

**২২. FAO বাংলাদেশ সরকারকে প্রয়োজনীয় পরামর্শ দেয় কেন?**
ক খাদ্য মজুদের জন্য খ কৃষিক্ষেত্রে প্রযুক্তি ব্যবহারের জন্য
গ খাদ্য রপ্তানির জন্য ঘ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের জন্য

**২৩. এসডিজি বাস্তবায়নে প্রধান বিবেচ্য বিষয় কোনটি?**
ক অংশীদারিত্ব খ সামাজিক পরিবর্তন
গ নারীর ক্ষমতায়ন ঘ যোগাযোগের উন্নতি

**২৪. উৎপাদনের ক্ষেত্রে মূলধনের মালিককে কী প্রদান করা হয়?**
ক খাজনা খ মুনাফা গ মজুরি ঘ সুদ

**২৫. বাংলাদেশের কৃষিক্ষেত্রে ব্যাপক ক্ষতির কারণ কোনটি?**
ক সারের অপর্যাপ্ততা খ প্রাকৃতিক দুর্যোগ
গ অবকাঠামোগত দুর্বলতা ঘ উন্নত মানের বীজ

**২৬. বাংলাদেশে শিল্পায়নের জন্য প্রয়োজন –**
i. সঞ্চয়ের মানসিকতা ii. শিল্প ঋণের পরিমাণ বৃদ্ধি
iii. রাজনৈতিক স্থিতিশীলতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**☐ নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
সাম্য ও মৈত্রী দুজনই একটি প্রাইভেট কোম্পানিতে চাকরি করেন। প্রয়োজনীয় খরচ মিটিয়ে তারা দুজনই অবশিষ্ট টাকা ব্যাংকে জমা রাখেন। ব্যাংক সাম্যকে কিছু পরিমাণে মুনাফা দিলেও মৈত্রীকে অনেক বেশি টাকা মুনাফা প্রদান করা হয়।

**২৭. মৈত্রী কোন ধরনের আমানতে টাকা জমা রেখেছে?**
ক স্থায়ী খ চলতি গ সঞ্চয়ী ঘ শেয়ার

**২৮. সাম্য যা করতে পারবে –**
i. যখন ইচ্ছা টাকা উত্তোলন করতে পারবে
ii. চেকবই ইস্যু করতে পারবে iii. এটিএম কার্ড ব্যবহার করতে পারবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**২৯. শিশুর নৈতিক শিক্ষার পেছনে কোনটির ভূমিকা সবচেয়ে বেশি?**
ক সমাজ খ পরিবার গ বিদ্যালয় ঘ ধর্ম

**৩০. সরকারের উপবৃত্তি প্রকল্প চালুর ফলে –**
ক কর্মক্ষেত্রে নারীর সংখ্যা বেড়েছে
খ নারীরা পোশাক কারখানায় কাজ করতে পারছে
গ নারীর ক্ষমতায়ন হয়েছে
ঘ গ্রামের মেয়েদের শিক্ষার হার বেড়েছে

**■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** **বিষয় কোড : | 1 | 5 | 0 |**

**(সৃজনশীল)**

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.

| সময়কাল | ঘটনাসমূহ |
|---|---|
| ২রা সেপ্টেম্বর, ১৯৪৭ | তমদ্দুন মজলিস গঠন |
| ১৯৪৭ সালের ডিসেম্বর | রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ গঠন |
| ১৯৪৮ সালের ১৯ মার্চ | উর্দুকে একমাত্র রাষ্ট্রভাষা ঘোষণা |

ক. পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ কখন গঠিত হয়? ১
খ. বঙ্গবন্ধুর 'দ্বিতীয় বিপ্লব' কর্মসূচিটি ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনাপ্রবাহের চূড়ান্ত পর্যায়ে কি ঘটেছিল? আলোচনা করো। ৩
ঘ. বাংলাদেশের স্বাধীনতা অর্জনে উদ্দীপকের ঘটনাসমূহের ফলাফলের মধ্যে কী যোগসূত্র আছে বলে তুমি মনে কর-বিশ্লেষণ করো। ৪

২. শহরে বসবাসরত মুনা বাবা মায়ের একমাত্র সন্তান। স্কুল ছুটির পর তার অবসর সময় ব্যয় হয় ভিডিও গেমস খেলে এবং টেলিভিশন দেখে। সে সবসময় খিটখিটে মেজাজে থাকে ও কারো সাথে মেলামেশা করে না। আবার গ্রামে বসবাসকারী মুনার চাচাতো বোন কণা মায়ের সাথে পারিবারিক কাজে অংশ নেন এবং সর্বদা উৎফুল্ল থাকে।
ক. অন্তগোত্রভিত্তিক বিয়ে কোন সমাজে প্রচলিত? ১
খ. একপত্নী পরিবারকে আদর্শ পরিবার বলা হয় কেন? বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকের মুনার সামাজিকীকরণে কোন উপাদানের প্রভাব পরিলক্ষিত হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. কণা এবং মুনার সামাজিকীকরণের ভিন্নতার পিছনে কার্যকর কারণগুলো বশ্লেষণ করো। ৪

৩. একটি ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগের ব্যাপারে বিশ্ববাসী খুবই আতঙ্কিত। এ শক্তিশালী দুর্যোগটি এবছরের ৮ সেপ্টেম্বর মরক্কোর মারাকেশ সাফি অঞ্চলে আঘাত হানে। এর কেন্দ্রস্থল ছিল মারাকেশ থেকে ৭১.৮ কিলোমিটার দক্ষিণ পশ্চিমে আটলাস পর্বত মালার ইঘিল শহরের কাছে।
ক. বাংলাদেশের ভৌগোলিক অবস্থান উল্লেখ করো। ১
খ. বাংলাদেশে প্রচুর সৌর শক্তি পাওয়া যায় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত দুর্যোগটির সৃষ্টির কারণ ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের উল্লিখিত দুর্যোগটির ঝুঁকি মোকাবিলায় বাংলাদেশের পূর্বপ্রস্তুতিমূলক পদক্ষেপগুলো বর্ণনা করো। ৪

৪. নির্বাচনে জয়লাভ করার পর 'ক' রাষ্ট্রে নতুন সরকার গঠিত হয়। ক্ষমতা লাভের পর নবগঠিত সরকার সর্বাধিক গুরুত্ব প্রদান করেন আইন শৃঙ্খলা রক্ষার প্রতি। এর পরই যে বিষয়টির উপর গরুত্ব দেন তা হলো দেশের জনগণের শিক্ষার উপর। কারণ শিক্ষিত জনগোষ্ঠী রাষ্ট্রের বড় সম্পদ।
ক. রাষ্ট্র গঠনের মূখ্য উপাদান কোনটি? ১
খ. তথ্য অধিকার আইনে তথ্য বলতে কি বুঝায়? ২
গ. নবগঠিত সরকার যে বিষয়টির উপর সর্বাধিক গুরুত্ব দেন তা সরকারের কোন ধরনের কাজের অর্ন্তভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. শিক্ষিত জনগোষ্ঠী রাষ্ট্রের বড় সম্পদ-মূল্যায়ন করো। ৪

৫. জনাব মিলি সরকারের একজন উপসচিব। তিনি জেলার বিচারক হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি তার জেলার প্রধান কর্মকর্তা। তিনি ব্যবসায়ীদের লাইসেন্স প্রদানের দায়িত্ব পালন করেন। মাঝে মাঝে দুর্যোগ কবলিতদের মাঝে তিনি খাদ্য বিতরণসহ জনকল্যাণমূলক কাজে অংশ নেন।
ক. স্থানীয় প্রশাসন কাকে বলে? ১
খ. রাষ্ট্রপতির জরুরি ক্ষমতা ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের জনাব মিলির প্রশাসনিক ক্ষমতা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত কর্মকর্তার কাজের পরিধি আরও ব্যাপক-বিশ্লেষণ করো। ৪

৬. সাজু মিয়া একজন কৃষক। ফলের উৎপাদন বাড়ানোর জন্য তিনি তার জমিতে অতিরিক্ত মাত্রায় রাসায়নিক সার ও কীটনাশক প্রয়োগ করেন। বর্তমানে সরকার কৃষিক্ষেত্রে ভর্তুকিসহ সার ও কীটনাশক সরবরাহ করায় সাজু মিয়াদের মতো কৃষকদের কাছে তা আরো সহজলভ্য হয়েছে। ফলে একদিকে ফসল উৎপাদন বাড়লেও অন্যদিকে এর বিপরীত প্রতিক্রিয়া আমাদের পরিবেশকে বিপর্যস্ত করছে।
ক. পাবলিক ও প্রাইভেট প্রতিষ্ঠানের মধ্যে কি না থাকলে টেকসই উন্নয়ন চ্যালেঞ্জের মুখোমুখি হবে? ১
খ. টেকসই উন্নয়নে অংশীদারিত্ব কেন প্রয়োজন? ২
গ. সাজু মিয়ার কর্মকান্ড পরিবেশে কী প্রভাব ফেলবে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের কার্যকলাপ টেকসই উন্নয়ন বর্হিভূত কার্যক্রম- উত্তরের পক্ষে যুক্তি প্রদর্শন করো। ৪

৭. X দেশের উৎপাদন কার্যক্রম পরিচালিত হয় সর্বাধিক ব্যক্তিগত মুনাফা অর্জনের উদ্দেশ্যে। অন্যদিকে Y দেশের উৎপাদন কার্যক্রম পরিচালিত হয় প্রতিটি নাগরিকের মৌলিক অধিকারপূরণ এবং জনগণের সর্বাধিক কল্যাণ সাধনের লক্ষ্যে।
ক. জাতীয় সম্পদ কাকে বলে? ১
খ. অর্থনীতিতে বাতাস কোনো সম্পদ নয়- ব্যাখ্যা করো। ২
গ. X দেশের অর্থনৈতিক ব্যবস্থার বৈশিষ্ট্য বর্ণনা করো। ৩
ঘ. X ও Y দেশের অর্থনৈতিক ব্যবস্থার বৈশিষ্ট্য বর্ণনা করো। ৪

৮. মানবাধিকার ছাড়া কোনো মানুষ পূর্ণাঙ্গভাবে বিকশিত হতে পারে না। জন্মগতভাবেই একজন মানুষ অন্ন, বস্ত্র, বাসস্থান পাওয়ার অধিকার রাখে। দেশে দেশে যুদ্ধ বিগ্রহ মানব জীবনকে লাঞ্ছিত-বঞ্চিত করে।
ক. দ্বিতীয় বিশ্বযুদ্ধ সংগঠিত ও সমাপ্ত হওয়ার কালটি লেখো। ১
খ. CEDAW সনদ কী? ব্যাখ্যা করো। ২
গ. লীগ অব নেশনস কেন প্রতিষ্ঠা করা হয়েছিল? ব্যাখ্যা করো। ৩
ঘ. জাতিসংঘের শান্তি রক্ষায় বাংলাদেশের ভূমিকা গৌরবোজ্জ্বল-কথাটির সপক্ষে মতামত প্রদান করো। ৪

৯.

| তথ্য-১ | তথ্য-২ |
|---|---|
| ১। আয়তন ৪৬০,২৩০,০০০ বর্গ কিলোমিটার | ১। আয়তন ১৪৪,৭৯৮,৫০০ বর্গ কিলোমিটার। |
| ২। কোনো উপগ্রহ নেই | ২। ডিমোস ও ফেবোস নামক ২টি উপগ্রহ আছে। |

ক. গ্রহাণুপুঞ্জ কাকে বলে? ১
খ. জোয়ার ভাটা কেন হয়? ২
গ. তথ্য ১ এ উল্লিখিত তথ্যগুলো কোন গ্রহকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তথ্য-২ এ উল্লিখিত গ্রহটিতে জীবজন্তু ও উদ্ভিদের জীবন ধারণ কি সম্ভব? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০. মাহিন উচ্চশিক্ষা লাভ করে চাকরির আশায় বসে না থেকে বাবার পরামর্শে কিছু জমি ব্যাংকে বন্ধক রেখে ঋণ নেয় এবং একটি কৃষি খামার প্রতিষ্ঠা করে। তার খামারে গ্রামের অনেক বেকার লোকের কর্ম সংস্থান হয়। ব্যাংকের ঋণ পরিশোধের পাশাপাশি সে সরকারকে করও প্রদান করে।
ক. ভ্যাট এর পূর্ণরূপ কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে অন্যান্য ব্যাংকের ব্যাংক বলা হয় কেন? ২
গ. মাহিনকে ঋণ প্রদানকারী ব্যাংকের কার্যাবলি ব্যাখ্যা করো। ৩
ঘ. মাহিনের প্রদত্ত কর কি সরকারের আয়ের একমাত্র উৎস? মতামত দাও। ৪

১১. নির্বাচন হলো দেশ পরিচালনার জন্য নাগরিকবৃন্দ কর্তৃক বিভিন্ন দলীয় প্রার্থীদের মধ্য হতে প্রতিনিধি বাছাই প্রক্রিয়া। জনগণের সার্বভৌমত্বের প্রয়োগ ঘটে নির্বাচনের মাধ্যমে।
ক. রাষ্ট্রবিজ্ঞানী ম্যাকাইভার প্রদত্ত রাজনৈতিক দলের সংজ্ঞাটি লেখো। ১
খ. রাজনৈতিক দলের দুটি কাজ উল্লেখ করো। ২
গ. উদ্দীপকে কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের শেষের বাক্যের যথার্থতা দেখাও। ৪

**মডেল টেস্ট- ০৯**

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (সেট ক)

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** **বিষয় কোড : | 1 | 5 | 0 |**

**(বহুনির্বাচনি অভীক্ষা)**

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. ১৯৫৬ সালের সংবিধান বাতিল করেন কে?**
ক গোলাম মোহাম্মদ খ আইয়ুব খান
গ ইস্কান্দার মির্জা ঘ ইয়াহিয়া খান

**২. ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের গভর্নর জেনারেল ছিলেন –**
ক মোহাম্মদ আলী জিন্নাহ খ লিয়াকত আলী খান
গ চৌধুরী গোলাম মোহাম্মদ ঘ খাজা নাজিমুদ্দিন

**৩. বাংলাদেশ প্রথম কোন সংস্থার সদস্যপদ লাভ করে?**
ক জাতিসংঘ খ ওআইসি গ কমনওয়েলথ ঘ সার্ক

**৪. মুক্তিযুদ্ধ পরিচালনা উপদেষ্টা কমিটির আহ্বায়ক ছিলেন কে?**
ক মাওলানা ভাসানী খ সৈয়দ নজরুল ইসলাম
গ কমরেড মণি সিং ঘ তাজউদ্দীন আহমদ

**৫. জোয়ার-ভাটার মূল কারণ কী?**
ক চন্দ্রের আকর্ষণ খ সূর্যের আকর্ষণ গ কেন্দ্রাতিগ শক্তি ঘ বিকর্ষণ শক্তি

**☐ নিচের অনুচ্ছেদটি পড় এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
সেপ্টেম্বর মাসের একটি নির্দিষ্ট দিনে পৃথিবীর সব স্থানে দিবারাত্রি সমান।

**৬. পৃথিবীতে এরকম অবস্থা আর কোন দিনে হতে পারে?**
ক ২১শে জুন খ ২২শে ডিসেম্বর গ ২১শে মার্চ ঘ ২৩শে সেপ্টেম্বর

**৭. উল্লিখিত দিনে মেরু অঞ্চলে –**
i. সূর্যরশ্মি তির্যকভাবে পড়ে
ii. সূর্যরশ্মি ০° কোণে পতিত হয়
iii. ২৪ ঘণ্টা রাত হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**৮. বরিশাল কোন ধরনের সমভূমির অন্তর্গত?**
ক ব-দ্বীপ খ উপকূলীয় গ স্রোতজ ঘ প্লাবন

**৯. কক্সবাজার সমুদ্র উপকূলে বিগত ৫ বছরে সমুদ্রপৃষ্ঠের উচ্চতা কত মি.মি. বেড়েছে?**
ক ১০-২০ খ ২০-৩০ গ ৩০-৪০ ঘ ৪০-৫০

**১০. কোনটি অন্যান্য নদী থেকে ব্যতিক্রম?**
ক হুগলি খ ধলেশ্বরী গ নবগঙ্গা ঘ আত্রাই

**১১. কোন নদীটি দৈর্ঘ্যে ক্ষুদ্রতম?**
ক ফেনী খ নাফ গ মাতামুহুরী ঘ তিস্তা

**১২. সঞ্জয় বিশ্বের বিভিন্ন স্থান ভ্রমণ করেছে কিন্তু তার দেখা একটা অঞ্চলে সূর্যকিরণ সারা বছর তীব্র ছিল। অঞ্চলটি হলো –**
ক নিরক্ষীয় খ ক্রান্তীয় গ মেরুবৃত্তীয় ঘ মেরু অঞ্চল

**১৩. কোন রাষ্ট্রটি তুলনামূলকভাবে বড়?**
ক মালয়েশিয়া খ ইন্দোনেশিয়া গ ব্রুনাই ঘ বাংলাদেশ

**১৪. 'আইনশৃঙ্খলা রক্ষা করা রাষ্ট্রের প্রাথমিক কাজ' – কার উক্তি?**
ক গার্নার খ টি.এইচ.গ্রীন গ ম্যাকাইভার ঘ উড্রো উইলসন

**১৫. কোন দেশের আইনসভার নাম মজলিস?**
ক যুক্তরাষ্ট্র খ যুক্তরাজ্য গ পাকিস্তান ঘ ইরান

**১৬. প্রজাতন্ত্রের আইন প্রণয়ন ক্ষমতা জাতীয় সংসদের উপর থাকবে– সংবিধানের কত নং অনুচ্ছেদে লেখা আছে?**
ক ৬০ খ ৬৫ গ ৬৮ ঘ ৭৩

**☐ নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
একটি স্থানীয় সরকারের মোট সদস্যসংখ্যা ২১ জন এবং উক্ত সরকারের কোনো সদস্য সরাসরি জনগণের ভোটে নির্বাচিত নয়।

**১৭. স্থানীয় সরকারটির নাম কী?**
ক ইউনিয়ন পরিষদ খ উপজেলা পরিষদ
গ জেলা পরিষদ ঘ পৌরসভা

**১৮. উল্লিখিত সরকারের কাজ –**
i. রাস্তার পাশে বৃক্ষরোপণ
ii. অন্য স্থানীয় সরকারকে সহযোগিতা
iii. গৃহ নির্মাণে অনুমোদন দেওয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**১৯. শিশুস্বার্থে কাজ করে কোন সংস্থা?**
ক UNDP খ UNESCO গ UNICEF ঘ UNFPA

**২০. টেকসই উন্নয়নের প্রধান অভীষ্ট কী?**
ক জেন্ডার সমতা খ সবার জন্য শিক্ষা
গ অসমতা হ্রাস ঘ দারিদ্র্য বিলোপ

**২১. কোন অর্থব্যবস্থায় সম্পদের অধিকাংশ ভোগ করে গুটি কয়েক মানুষ?**
ক ধনতান্ত্রিক খ সমাজতান্ত্রিক গ মিশ্র ঘ ইসলামি

**২২. সমুদ্রের জল সম্পদ নয় কেন?**
ক উপযোগ নেই খ অপ্রাচুর্য নেই
গ হস্তান্তরযোগ্য নয় ঘ বাহ্যিকতা নেই

**২৩. মানুষের অভাব পূরণের শেষ পর্যায় কোনটি?**
ক উৎপাদন খ বণ্টন গ প্রচেষ্টা ঘ ভোগ

**২৪. সামাজিক অবকাঠামো হলো –**
i. গ্যাস ও বিদ্যুৎ উৎপাদন
ii. দেশের শিক্ষাব্যবস্থা
iii. ক্রমাগত জনসংখ্যা বৃদ্ধি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**২৫. মাতৃসূত্রীয় পরিবার কোন সমাজে দেখা যায়?**
ক সাঁওতাল খ চাকমা গ মারমা ঘ গারো

**২৬. জটিল সমাজজীবন কোন সমাজের বৈশিষ্ট্য?**
ক গ্রাম্য সমাজ খ শহরে সমাজ গ শিক্ষিত সমাজ ঘ আদিম সমাজ

**☐ নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
$GNP = GDP + (X - M)$

**২৭. উদ্দীপকে অভ্যন্তরীণ উৎপাদন কোনটি?**
ক GNP খ GDP গ X ঘ M

**২৮. $X > M$, হলে –**
i. অর্থনৈতিক প্রবৃদ্ধি হবে
ii. মাথাপিছু আয় সংকুচিত হবে
iii. বেকারত্ব বৃদ্ধি পাবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

**২৯. জনাব মামুন তার জলাশয়ে চিংড়ি, তেলাপিয়া, ট্যাংরা ও ভেটকি মাছের চাষ করেন। তিনি সমাজ পরিবর্তনের কোন উপাদানের সাথে জড়িত?**
ক জৈবিক খ শিক্ষা গ প্রযুক্তি ঘ যোগাযোগ

**৩০. সামাজিক নৈরাজ্যের প্রধান কারণ কী?**
ক দুর্নীতি খ অপসংস্কৃতি
গ রাজনৈতিক অস্থিতিশীলতা ঘ মূল্যবোধের অবক্ষয়

**■ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |


# সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** **বিষয় কোড :** | 1 | 5 | 0 |

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট **(সৃজনশীল)** পূর্ণমান : ৭০


[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. প্রেক্ষাপট-১:
……… এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম …….
প্রেক্ষাপট-২:




ক. ইনডেমনিটি অধ্যাদেশ কী? ১
খ. মুক্তিযুদ্ধে ছাত্রসমাজের ভূমিকা ব্যাখ্যা করো। ২
গ. প্রেক্ষাপট-১ এ কোন ঐতিহাসিক ঘটনার প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বিজয় অর্জন নিশ্চিত করতে 'ক' সরকারের কার্যক্রম বিশ্লেষণ করো। ৪

২. নিচের ছকের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. কোন সালে পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়? ১
খ. যুক্তফ্রন্ট সরকার কেন ব্যর্থ হয়? ২
গ. উদ্দীপকের 'খ' অংশটি কোন ঐতিহাসিক ঘটনাকে ইঙ্গিত করেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে কর যে 'ক' দাবিনামা বাঙালির অগ্রযাত্রাকে ত্বরান্বিত করে? যৌক্তিক বিশ্লেষণ প্রদান করো। ৪

৩. বিজন চাকমার পার্বত্য চট্টগ্রামের বান্দরবানে জন্ম এবং বেড়ে ওঠা। বিশ্ববিদ্যালয় জীবনে শিক্ষা সফরে একবার কুমিল্লার ময়নামতি আসার সুযোগ হয়। আর একবার সুনামগঞ্জের বন্ধু নিখিলের বাড়িতে বেড়াতে এসে টাঙ্গুয়ার হাওড় বেড়ায়।
ক. টেকটনিক প্লেট কী? ১
খ. বাংলাদেশের উত্তর অঞ্চলের পাহাড়গুলোকে 'টিলা' বলা হয় কেন? ২
গ. বিজনের শিক্ষা সফরের অঞ্চলটি বাংলাদেশের কোন ভূ-প্রাকৃতিক অঞ্চলটিকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩
ঘ. বিজনের বাড়ি ও নিখিলের বাড়ির স্থান দুটিতে কৃষি উৎপাদনে ভিন্নতা আছে কি? যৌক্তিক বিশ্লেষণ প্রদান করো। ৪

৪. নিনা সুইডেনে (৬৬.৫° উত্তর অক্ষরেখা ও ১৫° পূর্ব দ্রাঘিমারেখা) বসবাস করে। ২৫শে সেপ্টেম্বর তারিখে তিনি সুইডেনের স্থানীয় সময় ভোর ৬টায় ছোট বোন বিনা কে জন্মদিনের শুভেচ্ছা জানায়। উল্লেখ্য যে বিনা ক্যানবেরায় (৩৫° দক্ষিণ অক্ষরেখা ও ১৫০° পূর্ব দ্রাঘিমারেখা) বসবাস করে। বিনা কথা প্রসঙ্গে জানায় আগামী ২৮ ডিসেম্বর সুইডেনে বেড়াতে যাবে।
ক. মেরুরেখা কাকে বলে? ১
খ. আন্তর্জাতিক তারিখ রেখা সময় বিভ্রাট কীভাবে দূর করে? ব্যাখ্যা করো। ২
গ. ক্যানবেরার স্থানীয় সময় কয়টায় নিনা টেলিফোন করেছিল? ৩
ঘ. বিনার বেড়াতে যাওয়ার তারিখে কি দুই স্থানে একই ঋতু বিরাজ করবে? যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৫. দৃশ্য-১: বিশ্বনাথ বাবু তার পেনশনের টাকার একটি বড় অংশ একটি আর্থিক প্রতিষ্ঠানে জমা রাখেন। প্রতি ৩ মাস পরপর সেখান থেকে মুনাফা হিসেবে যে টাকা পান তা দিয়ে তার প্রয়োজন মেটান।
দৃশ্য-২: জনাব X সমাজসেবা অধিদপ্তরের একজন প্রশাসনিক কর্মকর্তা। প্রতিবছর সরকারকে তার আয়ের উপর কর দেন।
ক. বাণিজ্য শুল্ক কী? ১
খ. কেন্দ্রীয় ব্যাংককে সর্বশেষ ঋণদাতা বলা হয় কেন? ২
গ. দৃশ্য-১ এ নির্দেশিত আর্থিক প্রতিষ্ঠানটির কার্যাবলি ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব X এর প্রদেয় টাকা সরকারের আয়ের একটি গুরুত্বপূর্ণ উৎস- বিশ্লেষণ করে। ৪


৬. নিচের ছকের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও:

| দেশ | মাথাপিছু আয় |
|---|---|
| X | ১০০৫ ডলার এর চেয়ে কম |
| Y | ১০০৬-১২২৭৫ ডলার |
| Z | ১২২৭৬ ডলার ও তার বেশি |

ক. প্রবৃদ্ধির হার কাকে বলে? ১
খ. চূড়ান্ত দ্রব্য বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের দেশগুলোর তালিকায় বাংলাদেশের অবস্থান নির্ণয় করে এর অর্থনৈতিক প্রকৃতি ব্যাখ্যা করো। ৩
ঘ. প্রতিটি দেশের মাথাপিছু আয় সে দেশের জনগণের জীবনযাত্রার মান নির্ধারণ করে- বিশ্লেষণ করো। ৪

৭. তথ্য-১: বর্তমানে কিছু অসাধু লোক দেশের আইন ভঙ্গ করে গোপনে ক্যাসিনো পরিচালনা করলে সরকার তাদেরকে আইনের আওতায় এনে শাস্তির ব্যবস্থা করেছে।
তথ্য-২: জনাব রহমান একটি বিখ্যাত পোশাক শিল্প কারখানার মালিক। প্রতিবছর পোশাক রপ্তানি করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করেন এবং তিনি সরকারকে নিয়মিত হারে কর প্রদান করেন।
ক. রাষ্ট্র কাকে বলে? ১
খ. তথ্য অধিকার আইন ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. তথ্য-২ এ কীসের প্রতিফলন ঘটেছে? রাষ্ট্রের প্রতি নাগরিকের দায়িত্ব কর্তব্যের একটি তালিকা প্রস্তুত করো। ৩
ঘ. তথ্য-১ এর পদক্ষেপটি রাষ্ট্রের এক বিশেষ কাজের আওতাভুক্ত। উল্লিখিত কার্যাবলি ছাড়াও রাষ্ট্র আরো এক ধরনের কাজ করে থাকে'- বিশ্লেষণ করো। ৪

৮. নিচের ছকের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও:





ক. স্থানীয় প্রশাসন কী? ১
খ. অভিশংসন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে X এর ক্ষমতা ও কার্যাবলি ব্যাখ্যা করো। ৩
ঘ. 'তুমি কি মনে কর Y কর্তৃক শাসন বিভাগ নিয়ন্ত্রণের উপর নির্ভর করে দেশের সুশাসন' যৌক্তিক বিশ্লেষণ করো। ৪

৯. নিচের ছকের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও:

| উপাদান | সমাজ জীবনে প্রভাব |
|---|---|
| X | উৎপাদনমুখী অর্থনীতি, মাথাপিছু আয় বৃদ্ধি, অপরাধ বৃদ্ধি, বস্তি সমস্যা সৃষ্টি। |
| Y | শ্রমিকের নতুন নতুন সংগঠন, শ্রমিক মালিকের ব্যবধান, উন্নত জাতের বীজ, সামাজিক যোগাযোগের পরিধির বিস্তৃতি। |

ক. সামাজিক পরিবর্তন কী? ১
খ. নারীর কর্মসংস্থান কীভাবে নারীর ক্ষমতায়ন ঘটায়? ২
গ. উদ্দীপকে X দ্বারা সামাজিক পরিবর্তনের কোন উপাদানকে নির্দেশ করেছে? ব্যাখ্যা করো। ৩
খ. "Y উপাদানটি বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নের পথকে প্রশস্ত করেছে"। মতের সপক্ষে যুক্তি দাও। ৪

১০. নিচের ছকের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও:




ক. আব্রাহাম লিঙ্কন প্রদত্ত গণতন্ত্রের সংজ্ঞাটি লেখো। ১
খ. ইলেক্টোরাল কলেজ ধারণাটি ব্যাখ্যা করো। ২
গ. ক সংগঠনটির ভূমিকা পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের ক এর সাথে খ এর ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে'- তুমি কি উক্তিটির সাথে একমত? যুক্তি দাও। ৪

১১. ফেসবুকের সুবাদে ছোটবেলার গ্রামের বন্ধু সালামের সাথে যোগাযোগ হয় পিয়ালের। পিয়াল বাবা-মার সঙ্গে ঢাকায় বসবাস করে। অন্যদিকে সালাম গ্রামের বাড়িতে মা-বাবা এবং দাদা-দাদির সঙ্গে বসবাস করে। গ্রাম থেকে অল্পদূরের একটি কলেজে পড়ছে।
ক. অনুলোম বিবাহ ভিত্তিক পরিবার কাকে বলে? ১
খ. 'সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া'- ব্যাখ্যা করো। ২
গ. সালামের পরিবারের ধরন ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের আলোকে গ্রামীণ ও শহুরে সামাজিকীকরণ প্রক্রিয়ার মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য বিশ্লেষণ করো। ৪

মডেল টেস্ট- ১০

# সরকারি হরচন্দ্র বালিকা উচ্চ বিদ্যালয়, ঝালকাঠী

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** **বিষয় কোড : 1 5 0**

সময় : ৩০ মিনিট **(বহুনির্বাচনি অভীক্ষা)** পূর্ণমান : ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান : ১]

প্রশ্নপত্রে কোন প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**১. স্মৃতির মিনার কী?**
ক) উপন্যাস খ) নাটক
গ) কবিতা ঘ) গল্প

**২. আইয়ুব খান কত সালে সামরিক শাসন জারি করে?**
ক) ১৯৫৮ খ) ১৯৬১ গ) ১৯৬৬ ঘ) ১৯৬৯

**৩. ৭ মার্চ, ১৯৭১ এর ভাষণে কীসের ইঙ্গিত রয়েছে?**
ক) ঐক্য খ) নির্বাচন
গ) জাতীয়তা ঘ) স্বাধীনতা

**৪. বাংলাদেশ কত সালে কমনওয়েলথ এর সদস্যপদ লাভ করে?**
ক) ১৯৭২ খ) ১৯৭৬ গ) ১৯৭৪ ঘ) ১৯৭৫

**৫. বিশ্বজগতের তুলনায় সৌরজগৎ কেমন?**
ক) ছোট খ) বড়
গ) মাঝারি ঘ) নিতান্তই ছোট

**৬. পৃথিবীর নিকটতম গ্রহ কোনটি?**
ক) মঙ্গল খ) বুধ গ) শুক্র ঘ) শনি

**৭. বাংলাদেশের মোট ভূমির কত ভাগ টারশিয়ারি যুগের?**
ক) ১০% খ) ১১% গ) ১২% ঘ) ১৩%

**৮. লালমাই পাহাড়ের গড় উচ্চতা কত?**
ক) ২১ মি. খ) ২২ মি. গ) ৩১ মি. ঘ) ৩২ মি.

**৯. নদীর প্রবাহ দুর্বল হয়ে যাওয়ার কারণ –**
i. শিল্প বর্জ্য
ii. পলি জমা
iii. বাঁধ নির্মাণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**১০. খনিজ উৎস হলো –**
i. গ্যাস
ii. মাছ
iii. কয়লা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**১১. ব্রিটেনের আইনসভার নাম কী?**
ক) কংগ্রেস খ) মজলিশ গ) পার্লামেন্ট ঘ) ডায়েট

**১২. বাংলাদেশের আইনসভা কত কক্ষ বিশিষ্ট?**
ক) এক কক্ষ খ) দুই কক্ষ গ) তিন কক্ষ ঘ) চার কক্ষ

**১৩. আধুনিক যুগে কোনটি আইনের উৎস?**
ক) ধর্ম খ) আইনসভা গ) প্রথা ঘ) ন্যায়বোধ

**১৪. মানুষের ওপর কোনটির প্রভাব অত্যাধিক?**
ক) প্রথা খ) ধর্ম গ) আইন ঘ) সরকার

**১৫. বাংলাদেশের সংবিধান প্রণীত হয় কত সালে?**
ক) ১৯৫৬ খ) ১৯৬৯ গ) ১৯৭২ ঘ) ১৯৭৪

**১৬. গণতন্ত্রের অপর নাম হলো–**
i. জনগণের সরকার ii. ধনীদের সরকার
iii. কল্যাণকামী সরকার
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**১৭. টেকসই উন্নয়নের প্রধান ক্ষেত্র হলো –**
i. সমাজ ii. অর্থনৈতিক
iii. পরিবেশ সংরক্ষণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**১৮. SDG অর্জনের লক্ষ্যমাত্রা কতটি?**
ক) ৮ খ) ৯ গ) ১৭ ঘ) ২১

**১৯. জাতীয় সম্পদের উৎস কয়টি?**
ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি

**২০. নিচের কোনটি সম্পদ নয়?**
ক) বাতাস খ) পানি গ) গাছ ঘ) মাছ

**২১. মোট জাতীয় উৎপাদনকে কয়টি দিক থেকে বিবেচনা করা হয়?**
ক) এক খ) দুই গ) তিন ঘ) চার

**২২. প্রতিটি দেশের অর্থনীতির প্রধান খাত হলো –**
i. কৃষি কাজ ii. শিল্পখাত
iii. সেবাখাত
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

**২৩. ব্যাংকের আমানত কত প্রকার?**
ক) ১ খ) ২ গ) ৩ ঘ) ৪

**২৪. বাংলাদেশ সরকারের আয়ের প্রদান উৎস কোনটি?**
ক) আবগারি শুল্ক খ) বাণিজ্য শুল্ক গ) আয়কর ঘ) ভ্যাট

**২৫. সমাজ সৃষ্টি কোনটি থেকে?**
ক) দেশ খ) রাষ্ট্র গ) পরিবার ঘ) জাতি

**২৬. বিবাহোত্তর বসবাসের ভিত্তিতে পরিবার কত প্রকার?**
ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

**২৭. কোনটি একজন ব্যক্তির মনে আত্মবিশ্বাস জাগ্রত করে?**
ক) শিক্ষা খ) যোগাযোগ গ) প্রযুক্তি ঘ) নগরায়ণ

**২৮. সামাজিক পরিবর্তন হচ্ছে –**
i. সমাজ ii. সামাজিক কাঠামো
iii. পুরুষ ও নারী
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii গ) iii ঘ) i, ii ও iii

**২৯. বাংলাদেশের চেয়ে কোন দেশে বেশি মানুষ পাচার হয়?**
ক) ভারত খ) নেপাল গ) ভুটান ঘ) চীন

**৩০. HIV ভাইরাস মানব শরীরে কোন অবস্থায় থাকে?**
ক) সক্রিয় খ) সুপ্ত গ) নির্জীব ঘ) চঞ্চল

■ **খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখো। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখো তোমার উত্তরগুলো সঠিক কি না।**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# বরগুনা জিলা স্কুল

**বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়** বিষয় কোড : | 1 | 5 | 0 |

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট **(সৃজনশীল)** পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ বাংলাদেশ স্বাধীনতা অর্জনের পূর্বে দুটো গুরুত্বপূর্ণ নির্বাচন হয়। ১ম নির্বাচন পাকিস্তানের ১ম সংবিধান প্রণয়নের পূর্বে এবং ২য় নির্বাচন গণঅভ্যুত্থানের পরে সমগ্র দেশে একত্রে অনুষ্ঠিত হয়। প্রথম নির্বাচনে তৎকালীন ক্ষমতাসীন দল শোচনীয়ভাবে পরাজিত হয়। ২য় নির্বাচনের ফলে দেশের মানচিত্র বদলে যায়।

ক. শেখ মুজিবুর রহমানকে কখন 'বঙ্গবন্ধু' উপাধি দেওয়া হয়? ১

খ. বাঙালির মুক্তির সনদ কোনটি? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত প্রথম নির্বাচনে গঠিত সরকারের প্রতি পাকিস্তান সরকারের আচরণ ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত শেষোক্ত বাক্যটি বিশ্লেষণ করো। ৪

২.

| স্থান | অক্ষাংশ | দ্রাঘিমা | তারিখ | সময় |
|---|---|---|---|---|
| A | ৩০° উত্তর | ৬৫° পূর্ব | ২২ শে ডিসেম্বর | সকাল ৭টা |
| B | ৫৫° দক্ষিণ | ২৫° পশ্চিম | ২২ শে ডিসেম্বর | ? |


ক. নিরক্ষরেখা কী? ১

খ. দ্রাঘিমা রেখার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২

গ. তালিকায় দেখানো 'A' চিহ্নিত স্থানে সকাল ৭টা এবং 'B' চিহ্নিত স্থানের স্থানীয় সময় কত হবে? ৩

ঘ. উক্ত তারিখে দুটি স্থানে ('A' ও 'B') দিন রাত্রির দৈর্ঘ্য কি একই রূপ হবে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩.







বাংলাদেশের মানচিত্রের অংশবিশেষ

ক. কনসোর্টিয়াম কত সালে বাংলাদেশের ভূমিকম্প বলয় সংবলিত মানচিত্র তৈরি করেন? ১

খ. ভূ-প্রকৃতির গঠন কীভাবে জনসংখ্যার সঙ্গে সম্পর্কিত? ২

গ. মানচিত্রের 'A' চিহ্নিত অঞ্চলটির ভূ-প্রাকৃতিক গঠন ব্যাখ্যা করো। ৩

ঘ. চিত্রের 'B' ও 'C' চিহ্নিত অঞ্চলের কোনটিতে অধিক কী পরিলক্ষিত হবে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি উপস্থাপন করো। ৪

৪.

| নদীর নাম | বৈশিষ্ট্য |
|---|---|
| A | ভূমিকম্পের কারণে এর গতিপথ পরিবর্তন হয়। |
| B | এটি আসামের বরাক নদী-মণিপুর অঞ্চলে উৎপত্তি হয়েছে। |

ক. পৃথিবীর অন্যতম বৃহত্তম ব-দ্বীপ কোনটি? ১

খ. ম্যানগ্রোভ বন কী? ব্যাখ্যা করো। ২

গ. 'A' নদীর গতিপথ বর্ণনা করো। ৩

ঘ. 'B' নদীর অর্থনৈতিক গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৫. ছক-১

| ক্রমিক নং | বৈশিষ্ট্য |
|---|---|
| ১. | রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগপ্রাপ্ত |
| ২. | ব্যক্তি স্বাধীনতার রক্ষাকবচ |
| ৩. | সংবিধান ব্যাখ্যা দানকারী |

| স্থানীয় প্রশাসন | প্রশাসকের সংখ্যা | প্রধান প্রশাসকের পদসোপান |
|---|---|---|
| A | ৮ জন | ৩য় |
| B | ৬৫ জন | ৪র্থ |

ক. রাষ্ট্রপতির জরুরি ক্ষমতা কী? ১

খ. জাতীয় সংসদ কীভাবে নির্বাহী বিভাগকে নিয়ন্ত্রণ করে? ২

গ. ছক-১ এর তথ্যসমূহ সরকারের কোন বিভাগকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের কেন্দ্রীয় প্রশাসনের নীতিমালা বাস্তবায়নে 'A' ও 'B' এর মধ্যে কোন স্থানীয় প্রশাসনটি কেন্দ্রের সেতুবন্ধন হয়ে কাজ করে? বিশ্লেষণ করো। ৪

৬. দৃশ্যপট-১ : খালিদ একটি সংগঠনের সদস্য। সংগঠনটির উদ্দেশ্য হলো, রাষ্ট্রের উন্নয়নমূলক কিছু নীতিমালা ও পরিকল্পনা জনগণের নিকট পেশ করে জনসমর্থন সৃষ্টি করা। খালিদ মনে করে এই সংগঠনের মাধ্যমেই গণতন্ত্র সামনের দিকে এগিয়ে চলে।

দৃশ্যপট-২: 'ক' রাষ্ট্রের সরকার প্রধান জনগণের মতামতকে প্রাধান্য দিয়ে থাকে। জনগণের সেবা করাই তার মূল উদ্দেশ্য।

ক. গণতন্ত্র সাধারণত কয়টি পদ্ধতিতে কার্যকর হয়। ১

খ. গণতান্ত্রিক ব্যবস্থায় নির্বাচন কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা করো। ২

গ. গণতান্ত্রিক শাসন ব্যবস্থায় খালিদের সংগঠনটির গুরুত্ব ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে কর দৃশ্যপট-২ এ উল্লিখিত সরকার একটি উত্তম সরকার ব্যবস্থা। তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৭. 'ক' দেশের অর্থনৈতিক ব্যবস্থার বৈশিষ্ট্য হচ্ছে সম্পদের ব্যক্তি মালিকানা এবং উৎপাদন ও ভোগের ক্ষেত্রে ব্যক্তির সিদ্ধান্ত গ্রহণের স্বাধীনতা। 'খ' দেশের অর্থ ব্যবস্থায় উৎপাদনের উপকরণসহ সকল সম্পদ রাষ্ট্রীয় মালিকানাধীন। সম্পদের ওপর কোনোরকম ব্যক্তি মালিকানা থাকে না।

ক. জাতীয় সম্পদের উৎস প্রধানত কয়টি? ১

খ. উৎপাদনের উপকরণ হিসেবে সংগঠনের ব্যাখ্যা দাও। ২

গ. 'ক' দেশের অর্থনৈতিক ব্যবস্থার বৈশিষ্ট্যসমূহ বর্ণনা করো। ৩

ঘ. 'ক' ও 'খ' দেশের অর্থনৈতিক ব্যবস্থার তুলনামূলক আলোচনা করো। ৪

৮. ২০১৮ সালে 'Y' দেশে বসবাসরত জনগণের উৎপাদিত সকল দ্রব্য ও সেবা বাবদ মোট প্রাপ্ত অর্থ ১৩০০ বিলিয়ন ইউএস ডলার। ঐ বছর দেশের অভ্যন্তরে কর্মরত বিভিন্ন দেশের নাগরিকদের প্রাপ্ত অর্থ ২০০ বিলিয়ন ইউএস ডলার ছিল। দেশটিতে ১২০০ মিলিয়ন জনসংখ্যার বসবাস হলেও ঐ বছর জনসংখ্যার বৃহদাংশ বিভিন্ন দেশে কাজ করে ৯০০ বিলিয়ন ইউএস ডলার প্রেরণ করে।

ক. অর্থনৈতিক প্রবৃদ্ধি কাকে বলে? ১

খ. দারিদ্র্যের দুষ্টচক্র বলতে কী বোঝায়? ২

গ. 'Y' দেশের মোট জাতীয় উৎপাদন নির্ণয় করো। ৩

ঘ. "মাথাপিছু আয়ের ভিত্তিতে 'Y' একটি উন্নয়নশীল দেশ" যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৯. দুটি গুরুত্বপূর্ণ ব্যাংক ব্যবস্থা

A ব্যাংক ব্যবস্থা এটি জনগণের কাছ থেকে ৩ ধরনের আমানত গ্রহণ করে।

B ব্যাংক ব্যবস্থা এটি দেশের সর্বোচ্চ আর্থিক প্রতিষ্ঠান।

ক. সম্পূরক শুল্ক কাকে বলে? ১

খ. বাংলাদেশ সরকারের আয়ের ২টি উৎস বর্ণনা করো। ২

গ. উদ্দীপকের 'A' দ্বারা যে ব্যাংককে বোঝানো হয়েছে এর কার্যাবলি উল্লেখ করো। ৩

ঘ. "উদ্দীপকের B ব্যাংক 'A' ব্যাংকের সকল কার্যকলাপ নিয়ন্ত্রণ করে"- বিশ্লেষণ করো। ৪

১০. দৃশ্যপট-১: মি. পাল্লা মিয়া ১ ছেলে, ১ মেয়ে এবং স্ত্রীকে নিয়ে ঢাকায় বসবাস করেন। সন্তানদের উচ্চ শিক্ষার ও অন্যান্য সুবিধার জন্য তিনি ঢাকায় থাকেন।

দৃশ্যপট-২: মি. আতিক সাহেব দাদা-দাদি, বাবা-মা, চাচা-চাচি, ভাই-বোন নিয়ে দাদার গ্রামের বাড়ি বসবাস করেন।

ক. পরিবার গঠনের পূর্বশর্ত কী? ১

খ. 'সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া'। ব্যাখ্যা করো। ২

গ. আকারের ভিত্তিতে দৃশ্যপট-১ এর পরিবারের ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃশ্যপট-২ এর আকৃতি পরিবর্তনের সাথে সাথে সামাজিকীকরণের ক্ষেত্রে এর ভূমিকাও পরিবর্তন হচ্ছে-বিশ্লেষণ করো। ৪

১১. মুক্তিযোদ্ধার সন্তান রাকিব মিয়া ১৯৭৫ সালের ৩রা নভেম্বর ঢাকা কেন্দ্রীয় কারাগারে কারারক্ষী হিসেবে কর্মরত ছিলেন। গভীর রাতে তিনি দেখতে পান একদল সশস্ত্র লোক কারাগারে বিশেষ সেলে প্রবেশ করে কয়েকজনকে হত্যা করেছে। রাকিব মিয়া একথা তার বাবাকে জানান। তার বাবা তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় বলেন যে, এ হত্যার মূল উদ্দেশ্য হলো-বাংলাদেশের স্বাধীনতা ও সশস্ত্র মুক্তিযুদ্ধের অর্জনসমূহ ধ্বংস করা।

ক. বাংলাদেশের পররাষ্ট্র নীতির ভিত্তি কী? ১

খ. বাংলাদেশের স্বাধীনতা অর্জনে মুজিবনগর সরকার কেন গঠন করা হয়েছিল? ২

গ. রাকিব মিয়ার দেখা হত্যাকাণ্ডটি তোমার পঠিত বিষয়বস্তুর যে ঘটনার সাথে সম্পৃক্ত ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি রাকিব মিয়ার বাবার বক্তব্যের সাথে একমত পোষণ কর? তোমার পঠিত বিষয়বস্তুর আলোকে যুক্তি উপস্থাপন করো। ৪

# উত্তরমালা

## ■ মডেল টেস্ট-০১ : রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | গ | ৩ | ক | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | খ | ১০ | গ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | খ |

## ■ মডেল টেস্ট-০২ : রাজশাহী ক্যাডেট কলেজ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ক | ৩ | গ | ৪ | গ | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | খ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ক |

## ■ মডেল টেস্ট-০৩ : সিলেট ক্যাডেট কলেজ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | খ | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | ক | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | খ | ২১ | খ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-০৪ : ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | খ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | গ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | গ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | ঘ |

## ■ মডেল টেস্ট-০৫ : ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | গ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | খ | ৭ | খ | ৮ | খ | ৯ | গ | ১০ | গ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | গ | ২০ | খ | ২১ | ক | ২২ | গ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | ঘ |

## ■ মডেল টেস্ট-০৬ : বিদ্যাময়ী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ক | ১০ | ঘ | ১১ | গ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ক | ২১ | ক | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | গ |

## ■ মডেল টেস্ট-০৭ : রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

## ■ মডেল টেস্ট-০৮ : জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ক | ৯ | গ | ১০ | ক | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | খ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ঘ |

## ■ মডেল টেস্ট-০৯ : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (সেট ক)

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ক | ৩ | গ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | ক | ৯ | খ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ঘ |

## ■ মডেল টেস্ট-১০ : সরকারি হরচন্দ্র বালিকা উচ্চ বিদ্যালয়, ঝালকাঠী

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ক | ৩ | ঘ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | ক | ৭ | গ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | খ | ১১ | গ | ১২ | ক | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | ক | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | খ |